CC XUBAER AHMAD

# বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী ও আপসহীন রাজনীতিক বেগম খালেদা জিয়ার প্রয়াণ

- পূর্ণনাম- খালেদা খানম পুতুল।
- জন্ম- ১৫ আগস্ট, ১৯৪৬ (জলপাইগুড়ি, পশ্চিমবঙ্গ)।
- আদিনিবাস- শ্রীপুর, ফুলগাজী, ফেনী।
- শৈশব ও বেড়ে ওঠা- দিনাজপুর জেলায়।
- মৃত্যু- ৩০ ডিসেম্বর, ২০২৫।
- সমাধিস্থল- জিয়াউর রহমানের মাজার (জিয়া উদ্যান)।
- পিতা ও মাতা- ইস্কান্দার মজুমদার ও তৈয়বা মজুমদার।
- দাম্পত্য সঙ্গী- জিয়াউর রহমান।
- উপাধি- আপসহীন নেত্রী, দেশনেত্রী ও মাদার অব ডেমোক্রেসি।

বেগম খালেদা জিয়ার মৃত্যুতে রাষ্ট্রীয় শোক পালিত হয় ৩ দিনের



## রাজনৈতিক জীবন

বেগম খালেদা জিয়া ১৯৯১ সালে পঞ্চম জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী হয়ে বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী হিসেবে ক্ষমতা গ্রহণ করেন।

- বাংলাদেশ জাতীয়তাবাদী দলে (বিএনপি) যোগ দেন- ২ জানুয়ারি, ১৯৮২।
- বিএনপি'র চেয়ারপার্সন নির্বাচিত হন- আগস্ট, ১৯৮৪।
- বাংলাদেশের ৯ম ও ১১তম প্রধানমন্ত্রী ছিলেন।
- বাংলাদেশের প্রধানমন্ত্রী নির্বাচিত হন- ৩ বার।
- সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন- মোট ৫ বার। যথা-
  - ফেব্রুয়ারি, ১৯৯১- বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী হিসেবে নির্বাচিত হন (৫ম জাতীয় সংসদ নির্বাচনে)।
  - ফেব্রুয়ারি, ১৯৯৬- টানা দ্বিতীয় মেয়াদে প্রধানমন্ত্রী নির্বাচিত হন।
  - জুন, ১৯৯৬- জাতীয় সংসদের প্রথম বিরোধী দলীয় নেতা হন (৭ম জাতীয় সংসদ নির্বাচনে)।
  - ২০০১- তৃতীয়বারের মতো প্রধানমন্ত্রী নির্বাচিত হন (৮ম জাতীয় সংসদ নির্বাচনে)।
  - ২০০৮- বিরোধী দলীয় নেতা হিসেবে নির্বাচিত হন।
- জাতীয় সংসদ নির্বাচনে কখনোই সংসদীয় আসনে পরাজিত হননি।
- সংসদীয় পদ্ধতির সরকার প্রতিষ্ঠা করেন- সংবিধানে একাদশ সংশোধনীর মাধ্যমে (১৯৯১)।

নোট: ১৯৯৬ সালের ফেব্রুয়ারির নির্বাচনে টানা দ্বিতীয়বারের মতো প্রধানমন্ত্রী নির্বাচিত হন কিন্তু তত্ত্বাবধায়ক সরকারের কাছে ক্ষমতা হস্তান্তর এবং পুনরায় নির্বাচনে অংশ নেওয়ার প্রতিশ্রুতির কারণে এক মাসের মধ্যে পদত্যাগ করেন।

## জীবনীগ্রন্থ

- 'জনগণের বাংলাদেশ' এর সম্পাদক- এ্যাডভোকেট এ. হাসান প্রধান (ভাষণসমূহ নিয়ে সংকলিত)।
- 'বেগম খালেদা জিয়া: জীবন ও সংগ্রাম' (Begum Khaleda Zia : Her Life, Her Story) রচয়িতা- মাহফুজ উল্লাহ।
- 'খালেদা জিয়া তৃতীয় বিশ্বের কণ্ঠস্বর' এর সম্পাদক- ড. এমাজউদ্দীন আহমদ ও আবদুল হাই শিকদার।

## প্রাপ্ত সম্মাননা

### মাদার অব ডেমোক্রেসি

৩১ জুলাই, ২০১৮ গণতন্ত্রের প্রতি অসামান্য অবদানের জন্য সম্মাননা প্রদান করে কানাডিয়ান হিউম্যান রাইটস ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন (CHRIO)।

### ফাইটার ফর ডেমোক্রেসি

২৪ মে, ২০১১ 'গণতন্ত্রের জন্য যোদ্ধা' বা 'ফাইটার ফর ডেমোক্রেসি' পদক প্রদান করে যুক্তরাষ্ট্রের নিউ জার্সির স্টেট সিনেট। যুক্তরাষ্ট্রের স্টেট সিনেট প্রথম কোনো বিদেশিকে এই সম্মাননা দেয়।

### ২৯তম ক্ষমতাধর নারী

২০০৫ সালে ফোর্বস ম্যাগাজিন নারীশিক্ষা ও নারী ক্ষমতায়নের ভূমিকার জন্য বিশ্বের সবচেয়ে ক্ষমতাধর নারীদের তালিকায় ২৯ নম্বরে স্থান দেয়।

Job Hunter

## উল্লেখযোগ্য কর্ম



বেগম খালেদা জিয়া

- জাতিসংঘে গঙ্গার পানি-বণ্টন সমস্যা উত্থাপন করেন।
- যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউসে রোহিঙ্গা শরণার্থী সমস্যা উত্থাপন করেন (১৯৯২)।
- সার্কের প্রথম নারী চেয়ারপার্সন নির্বাচিত হন (১৯৯২)।
- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন গঠন (১৯৯৩)।
- শিক্ষা কার্যক্রমের জন্য খাদ্য প্রবর্তন (১৯৯৩)।
- অবৈতনিক ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রবর্তন (১ জুলাই, ১৯৯৩)।
- যমুনা বহুমুখী সেতুর নির্মাণ কাজ শুরু (১৯৯৪)।
- ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নে নতুন শিল্পনীতি ঘোষণা করেন- ২০০১ সালে।
- অপারেশন ক্লিন হার্ট পরিচালনা করেন- ১৬ অক্টোবর, ২০০২-৯ জানুয়ারি, ২০০৩ পর্যন্ত।
- র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব) গঠন করেন- ২৬ মার্চ, ২০০৪।
- ঢাকা শহরের প্রথম মহাখালী ফ্লাইওভার উদ্বোধন (নভেম্বর, ২০০৪)।
- ৪র্থ পঞ্চবার্ষিক পরিকল্পনায় সর্বোচ্চ বরাদ্দ রেখেছিলেন- শিক্ষা খাতে।
- প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির হার ৯৭ শতাংশে উন্নীতকরণ।
- ১০ম শ্রেণি পর্যন্ত ছাত্রীদের বিনা বেতনে অধ্যয়ন ও উপবৃত্তি প্রদান।
- সরকারি চাকুরীতে প্রবেশের বয়সসীমা ২৭ বছর থেকে ৩০ বছরে উন্নীতকরণ।
- রোহিঙ্গাদের প্রত্যাবাসনের জন্য মিয়ানমারের সাথে চুক্তি করেন (১৯৯০ দশকের প্রথম দিকে)।
- যমুনা সেতুর উপর দিয়ে দেশের পূর্ব ও উত্তর-পশ্চিমাঞ্চলের মধ্যে রেল যোগাযোগ স্থাপন।
- চট্টগ্রামের ৩য় কর্ণফুলী বা শাহ আমানত সেতু নির্মাণ।
- ১২তম সংবিধান সংশোধনের মাধ্যমে রাষ্ট্রপতি শাসন থেকে পুনরায় সংসদীয় শাসনব্যবস্থা চালু করে।

## জিয়াউর রহমানের মাজার

- স্থপতি- মাসুদুর রহমান খান।
- নির্মিত হয়- ১৯৮১ সালে।
- অবস্থান- জিয়া উদ্যান, শেরেবাংলা নগর (পূর্বনাম- চন্দ্রিমা উদ্যান)।



প্রেসিডেন্ট জিয়াউর রহমানের মাজার

## বিশ্বের প্রথম নারী প্রধানমন্ত্রী ও প্রেসিডেন্ট



বিশ্বের প্রথম নারী প্রধানমন্ত্রী **শ্রীমাভো বন্দরনায়েকে (শ্রীলংকা)**



বিশ্বের প্রথম মুসলিম নারী প্রধানমন্ত্রী **বেনজীর ভুট্টো (পাকিস্তান)**



বিশ্বের দ্বিতীয় মুসলিম নারী প্রধানমন্ত্রী **বেগম খালেদা জিয়া**



বিশ্বের প্রথম নারী প্রেসিডেন্ট **ইসাবেলা পেরন (আর্জেন্টিনা)**



বিশ্বের প্রথম মুসলিম নারী প্রেসিডেন্ট **মেঘবতী সুকর্ণপুত্রী (ইন্দোনেশিয়া)**

Job Hunter

 CC XUBAER AHMAD 

# ভারতীয় আধিপত্যবাদবিরোধী মহান বিপ্লবী নেতা শহিদ শরিফ ওসমান বিন হাদি



শহিদ শরিফ ওসমান বিন হাদি

- পরিচয়- সাংস্কৃতিক ব্যক্তিত্ব, রাজনীতিবিদ, লেখক, কবি ও শিক্ষক।
- জন্ম- ৩০ জুন, ১৯৯৩ (নলছিটি, ঝালকাঠি)।
- গুলিবিদ্ধ হন- ১২ ডিসেম্বর, ২০২৫ (বিজয়নগর, ঢাকা)।
- মৃত্যু- ১৮ ডিসেম্বর, ২০২৫ (সিঙ্গাপুর জেনারেল হাসপাতাল)।
- সমাধি- কাজী নজরুল ইসলামের সমাধিসৌধ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- শিক্ষার্থী ছিলেন- ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের।
- ইনকিলাব মঞ্চের প্রতিষ্ঠাতা ও মুখপাত্র ছিলেন।
- ইনকিলাব কালচারাল সেন্টারের প্রতিষ্ঠাতা ছিলেন।
- বিখ্যাত স্লোগান- জান দেবো জুলাই দেবো না।
- শহীদ তাজউদ্দীন আহমেদ মেডিকেল কলেজের একটি ছাত্রাবাসের নামকরণ করা হয়েছে- শহীদ ওসমান হাদি হল।


## কাব্যগ্রন্থ




ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে শহিদ ওসমান হাদির নির্বাচনী এলাকা ছিল ঢাকা-৮।

- কাব্যগ্রন্থ- লাভায় লালশাক পুবের আকাশ (২০২৪)।
- রচনা করেন- 'সীমান্ত শরিফ' ছদ্মনামে নামে।
- আলোচিত কবিতা-
  - আগুন কি আলো নয়,
  - আমায় ছিঁড়ে খাও হে শকুন
  - বোবার আবার বর্ণমালা

## ইনকিলাব মঞ্চ



শহিদ ওসমান হাদি একইসাথে ইনকিলাব মঞ্চ ও ইনকিলাব কালচারাল সেন্টারের প্রতিষ্ঠাতা ছিলেন।

- প্রতিষ্ঠিত হয়- ১৩ আগস্ট, ২০২৪।
- প্রতিষ্ঠাতা ও মুখপাত্র- শরিফ ওসমান বিন হাদি।
- স্লোগান- ইনকিলাব জিন্দাবাদ।
- অবস্থান- ময়মনসিংহ লেন, বাংলামোটর, ঢাকা।
- 'ইনকিলাব' একটি আরবি শব্দ, যার অর্থ- বিপ্লব, বিদ্রোহ বা পরিবর্তন।
- 'ইনকিলাব জিন্দাবাদ' স্লোগান প্রথম ব্যবহার করেন- মাওলানা হাসরাত মোহানি (১৯২১, ভারত)।

## কাজী নজরুল ইসলামের সমাধিসৌধ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদের পাশে কাজী নজরুল ইসলামের সমাধিসৌধ অবস্থিত। এ সমাধিসৌধে বিখ্যাত কয়েকজন ব্যক্তি ও মুক্তিযোদ্ধাদের গণকবর রয়েছে। বিখ্যাত যে সকল ব্যক্তির সমাধি রয়েছে, তাঁরা হলেন-



জাতীয় কবি কাজী নজরুল ইসলাম



শিল্পাচার্য জয়নুল আবেদীন



পটুয়া কামরুল হাসান



ঢাবি উপাচার্য মোজাফফর আহমেদ চৌধুরী



ঢাবি উপাচার্য আব্দুল মতিন চৌধুরী



শহিদ শরিফ ওসমান বিন হাদি

Job Hunter

CC XUBAER AHMAD

## চলে গেলেন ছড়াসম্রাট সুকুমার বড়ুয়া

- পরিচয়- বাংলাদেশের প্রখ্যাত ছড়াকার।
- জন্ম- ৫ জানুয়ারি, ১৯৩৮ (চট্টগ্রামের রাউজানের বিনাজুরি গ্রামে)।
- মৃত্যু- ২ জানুয়ারি, ২০২৬।
- উপাধি- ছড়াসম্রাট, ছড়া জাদুকর, ছড়ারাজ ও ছড়াশিল্পী।

**প্রকাশিত গ্রন্থ**

- পাগলা ঘোড়া (১ম গ্রন্থ)
- চন্দনার পাঠশালা
- এমন যদি হতো
- লেজ আবিষ্কার
- কোয়াল খাইয়ে

> সুকুমার বড়ুয়া'র
> মুক্তিযুদ্ধভিত্তিক একটি বিখ্যাত ছড়া
>
> **মুক্তিসেনা**
>
> ধন্য সবাই ধন্য
> অস্ত্র ধরে যুদ্ধ করে
> মাতৃভূমির জন্য।



সুকুমার বড়ুয়া

**প্রাপ্ত পদক**

- বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার
- একুশে পদক (২০১৭)
- বাংলাদেশ শিশু একাডেমি সাহিত্য পুরস্কার
- আলাওল শিশুসাহিত্য পুরস্কার

## চলে গেলেন মুক্তিবাহিনীর ডেপুটি চিফ অব স্টাফ এ কে খন্দকার

- পরিচয়- এয়ার ভাইস মার্শাল ও মুক্তিযোদ্ধা।
- পূর্ণনাম- আব্দুল করিম খন্দকার।
- জন্ম- ১৯৩০ সালে (রংপুর)।
- মৃত্যু- ২০ ডিসেম্বর, ২০২৫।
- পৈতৃক নিবাস- পাবনা।
- মুক্তিযুদ্ধকালীন উইং কমান্ডার এবং পরবর্তীতে গ্রুপ ক্যাপ্টেন পদে পদোন্নতি লাভ করেন।
- মুক্তিবাহিনীর উপপ্রধান (ডেপুটি চিফ অব স্টাফ) ছিলেন।
- মুক্তিযুদ্ধকালীন সময়ে ভারতের নাগাল্যান্ডের ডিমাপুরে প্রথম বাংলাদেশ বিমান বাহিনী (কিলো ফ্লাইট) প্রতিষ্ঠা করেন।
- বাংলাদেশ বিমানবাহিনীর প্রথম প্রধান ছিলেন।
- সেক্টর কমান্ডার্স ফোরামের সভাপতি ছিলেন।
- মুক্তিযুদ্ধের ইতিহাসের উপর রচিত বিখ্যাত গ্রন্থ- ১৯৭১: ভেতরে বাইরে।
- ঢাকার কুর্মিটোলা বিমান ঘাঁটির বর্তমান নাম- বাংলাদেশ বিমান বাহিনী ঘাঁটি বীর উত্তম এ কে খন্দকার।



> *১৯৭১ সালের ১৬ ডিসেম্বর ঢাকার রেসকোর্স ময়দানে পাকিস্তানি সেনাবাহিনীর আত্মসমর্পনের ঐতিহাসিক মুহূর্তে মুক্তিবাহিনীর প্রতিনিধি হিসেবে তিনি উপস্থিত ছিলেন।*

**প্রাপ্ত পদক**

- বীর উত্তম (মুক্তিযুদ্ধে প্রাপ্ত খেতাব, ১৯৭৩)
- স্বাধীনতা পদক (২০১১)

**২০২৬ সালে জাতিসংঘ ঘোষিত বর্ষ**

- আন্তর্জাতিক নারী কৃষক বর্ষ
- আন্তর্জাতিক রেঞ্জল্যান্ডস ও প্যাস্টোরালিস্ট বর্ষ
- আন্তর্জাতিক টেকসই উন্নয়নে স্বেচ্ছাসেবক বর্ষ

Job Hunter

CC XUBAER AHMAD

## ইউনেস্কোর বিমূর্ত সাংস্কৃতিক ঐতিহ্যের স্বীকৃতি পেল টাঙ্গাইল শাড়ি বুননশিল্প

দেশের ষষ্ঠ স্বীকৃতি পাওয়া ইউনেস্কোর 'অপরিমেয় বা অধরা বা বিমূর্ত সাংস্কৃতিক ঐতিহ্য' টাঙ্গাইল শাড়ি বুননশিল্প। ৯ ডিসেম্বর, ২০২৫ ভারতের নয়াদিল্লির লালকেল্লায় ইউনেস্কোর 'ইন্টারগভার্নমেন্টাল কমিটি ফর দ্য সেফগার্ডিং অব দ্য ইনট্যানজিবল কালচারাল হেরিটেজের' ২০তম অধিবেশনে ইউনেস্কো 'টাঙ্গাইল শাড়ি বুননশিল্প'-কে এ স্বীকৃতি দেয়। টাঙ্গাইল শাড়ি বুননশিল্পকে ইউনেস্কোর সদর দপ্তরে নিবন্ধনের আবেদন করে প্যারিসের বাংলাদেশ দূতাবাস।

### ইউনেস্কো ঘোষিত ৬টি বিমূর্ত সাংস্কৃতিক ঐতিহ্য

১ম

বাউলগান (২০০৮)

২য়

জামদানি বুননশিল্প (২০১৩)

৩য়

মঙ্গল শোভাযাত্রা (২০১৬)

৪র্থ

শীতলপাটি বুননশিল্প (২০১৭)

৫ম

ঢাকার রিকশা ও রিকশাচিত্র (২০২৩)

৬ষ্ঠ

টাঙ্গাইল শাড়ি বুননশিল্প (২০২৫)

### বিমূর্ত সাংস্কৃতিক ঐতিহ্য

'বিমূর্ত সাংস্কৃতিক ঐতিহ্য' বা Intangible Cultural Heritage (ICH) হলো সেই সব জ্ঞান, দক্ষতা, প্রথা, আচরণ ও শিল্প-অনুশীলন যা কোনো সমাজ বা সম্প্রদায় পরম্পরাগতভাবে টিকিয়ে রাখে।

- ইউনেস্কো কর্তৃক Convention for the Safeguarding of the Intangible Cultural Heritage স্বাক্ষরিত হয়- ১৭ অক্টোবর, ২০০৩ (প্যারিস, ফ্রান্স)।
- স্বাক্ষকারী দেশ- ১৮৫টি।
- বাংলাদেশ কনভেনশনে স্বাক্ষর করে- ১১ সেপ্টেম্বর, ২০০৯।
- বিশ্বে মোট বিমূর্ত সাংস্কৃতিক ঐতিহ্য- ৭৫০টি।
- ইউনেস্কোয় বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি- খন্দকার মোহাম্মদ তালহা।

**মঙ্গল শোভাযাত্রার বর্তমান নাম বর্ষবরণ আনন্দ শোভাযাত্রা।**


## ইউনেস্কো 'বিশ্বস্মৃতি' তালিকায় বেগম রোকেয়ার 'সুলতানার স্বপ্ন'

- জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতিবিষয়ক সংস্থার (ইউনেস্কো) 'বিশ্বস্মৃতি' বা 'ওয়ার্ল্ড মেমোরি'র তালিকায় স্থান পেয়েছে রোকেয়া সাখাওয়াত হোসেনের লেখা নারীর মুক্তিপ্রত্যাশী উপন্যাস 'Sultana's Dream' বা 'সুলতানার স্বপ্ন'।
- ঘোষণাটি দেওয়া হয়- ২০২৪ সালে মঙ্গোলিয়ার উলান বাটোরে ইউনেস্কো 'মেমোরি অব দ্য ওয়ার্ল্ড কমিটি ফর এশিয়া অ্যান্ড প্যাসিফিক' (MOWCAP) এর ১০ম সাধারণ সভায়।



## বেগম রোকেয়া পদক-২০২৫

- পুরস্কার প্রদান করা হয়- ৯ ডিসেম্বর, ২০২৫ (বেগম রোকেয়ার জন্মদিনে)।
- উদ্দেশ্য- নারী শিক্ষা ও নারীর ক্ষমতায়নে অসামান্য অবদান রাখা।
- প্রদান করে- নারী ও শিশু মন্ত্রণালয়।
- পুরস্কার লাভ করেন- ৪ জন। যথা-
  - নারীশিক্ষা (গবেষণা)- রুভানা রাকিব
  - নারী অধিকার (শ্রম অধিকার)- কল্পনা আক্তার
  - মানবাধিকার- নাবিলা ইদ্রিস
  - নারী জাগরণ (ক্রীড়া)- ঋতুপর্ণা চাকমা (জাতীয় নারী ফুটবল দলের খেলোয়াড়)।



বিভিন্ন পর্যায়ে নারীদের গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে ১৯৯৫ সাল থেকে এই পদক প্রদান শুরু হয়।

## বাংলা একাডেমি পরিচালিত ৮ পুরস্কার পেলেন ৯ জন

| পুরস্কার | বিজয়ী | অবদান |
|---|---|---|
| মোহম্মদ বরকতুল্লাহ প্রবন্ধ সাহিত্য পুরস্কার | অধ্যাপক মনসুর মুসা | ভাষাভিত্তিক গবেষণা |
| মেহের কবীর বিজ্ঞানসাহিত্য পুরস্কার | খসরু চৌধুরী | প্রকৃতি ও বিজ্ঞান |
| মযহারুল ইসলাম কবিতা পুরস্কার | সানাউল হক খান | বাংলা কবিতা |
| সা'দত আলি আখন্দ সাহিত্য পুরস্কার | হাফিজ রশিদ খান | বিভিন্ন নৃ-গোষ্ঠীর জীবন ও সাহিত্য |
| অধ্যাপক মমতাজউদদীন আহমদ নাট্যজন পুরস্কার | তারিক আনাম খান | অভিনয়, নাট্য-নির্দেশনায় ও সংগঠক |
| আবু রুশ্‌দ সাহিত্য পুরস্কার | শিবব্রত বর্মন | অনুবাদ-সাহিত্য |
| হালীমা-শরফুদ্দীন বিজ্ঞান পুরস্কার | সফিক ইসলাম | গণিতকে সহজবোধ্য ও উপভোগ্যভাবে উপস্থাপন |
| রাবেয়া খাতুন কথাসাহিত্য পুরস্কার | সুব্রত বড়ুয়া | কথাসাহিত্য |
| | আনিসুর রহমান | সিসিফাস শ্রম গল্পগ্রন্থ |

## দ্য বেস্ট ফিফা ফুটবল অ্যাওয়ার্ডস-২০২৫

- অনুষ্ঠিত হয়- দোহা, কাতার।
- বর্ষসেরা ফুটবলার (পুরুষ)- উসমান দেম্বেলে (পিএসজি/ ফ্রান্স)।
- বর্ষসেরা ফুটবলার (নারী)- আইতানা বোনমাতি (বার্সেলোনা/স্পেন)।
- বর্ষসেরা কোচ (পুরুষ)- লুইস এনরিকে (পিএসজি/স্পেন)।
- বর্ষসেরা কোচ (নারী)- সারিনা ভিগমান (ইংল্যান্ড)।
- বর্ষসেরা গোলরক্ষক (পুরুষ)- জিয়ানলুইজি দোন্নারুম্মা (ইতালি)।
- বর্ষসেরা গোল (পুসকাস অ্যাওয়ার্ড)- সান্তিয়াগো মঁতিয়েল (আর্জেন্টিনা)।
- ফেয়ার প্লে ট্রফি- ডা. আন্দ্রেয়াস হারলাস-নিউকিং।
- সেরা সমর্থক পুরস্কার- জাখো এসসির ভক্তরা।
- এ পর্যন্ত সর্বোচ্চবার 'দ্য বেস্ট' জয়ী- লিওনেল মেসি (৩ বার)।
- পুরস্কারটি প্রদান করা হয়- ৯ জানুয়ারি, ২০১৭।



উসমান দেম্বেলে

## টি-২০ বিশ্বকাপ-২০২৬


- আয়োজন- দশম; আয়োজক- International Cricket Council (ICC).
- সময়কাল- ৭ ফেব্রুয়ারি - ৮ মার্চ, ২০২৬।
- স্বাগতিক- ভারত ও শ্রীলংকা।
- ভেন্যু- ৮টি (ভারতে- ৫টি; শ্রীলংকায়- ৩টি)।
- অংশগ্রহণকারী দল- ২০টি; মোট ম্যাচ- ৫৫টি।
- উদ্বোধনী ম্যাচ- নেদারল্যান্ডস ও পাকিস্তান।

International Cricket Council

# ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও চতুর্থ গণভোট-২০২৬

## টাইমলাইন

- **তফসিল ঘোষণা**
  ১১ ডিসেম্বর, ২০২৫
- **মনোনয়নপত্র দাখিলের শেষ দিন**
  ২৯ ডিসেম্বর, ২০২৫
- **প্রার্থিতা প্রত্যাহারের শেষ দিন**
  ২০ জানুয়ারি, ২০২৬
- **প্রতীক বরাদ্দ**
  ২১ জানুয়ারি, ২০২৬
- **ভোট গ্রহণ** (সংসদ নির্বাচন ও গণভোট)
  ১২ ফেব্রুয়ারি, ২০২৬




### ব্যালটের রং

- জাতীয় সংসদ নির্বাচনের ব্যালট হবে- সাদাকালো।
- গণভোটের ব্যালট হবে- গোলাপি রংয়ের।



### সুপার ক্যারাভান

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষ্যে দেশের ৬৪টি জেলায় মানুষের দুয়ারে দুয়ারে গিয়ে নির্বাচন ও গণভোট সম্পর্কে তথ্য পৌছে দিবে সুপার ক্যারাভান।

## আসন্ন নির্বাচন সম্পর্কিত তথ্য

- নির্বাচন কমিশন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করে- ১৮ নভেম্বর, ২০২৫।
- তালিকাবদ্ধ ভোটার- ১২,৭৬,৯৫,১৮৩ জন।
- কোনো ব্যক্তি একই সময়ে প্রার্থী হতে পারবেন না- ৩টির অধিক নির্বাচনি এলাকায়।
- ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নিবন্ধিত রাজনৈতিক দল অংশ নেবে- ৫১টি।
- ৬১তম রাজনৈতিক দল হিসেবে নির্বাচন কমিশনের নিবন্ধন পায়- আমজনতার দল (প্রতীক- প্রজাপতি)।
- স্বাধীন বাংলাদেশে গঠিত প্রথম রাজনৈতিক দল- জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ); ১৯৭২।
- বিশ্বের প্রথম রাজনৈতিক দল- উইগস, ইংল্যান্ড।
- উপমহাদেশের প্রথম রাজনৈতিক দল- নিখিল ভারত জাতীয় কংগ্রেস (১৮৮৫)।
- ভারতীয় উপমহাদেশে নারীরা প্রথম ভোটাধিকার লাভ করে- প্রাদেশিক আইনসভা নির্বাচনে (১৯৩৭)।

## পোস্টাল ব্যালটে চার শ্রেণির ভোট

চার ক্যাটাগরির মানুষ পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারবেন। তারা হলেন-

- প্রবাসী।
- সরকারি চাকরিজীবী (যারা কর্মসূত্রে নিজের সংসদীয় এলাকার বাইরে)।
- যারা আইনি হেফাজতে আছেন।
- যারা নির্বাচনের দিন নির্বাচনি দায়িত্ব পালন করবেন।

### মক ভোটিং

মক ভোটিং হলো ভোট দেওয়ার অনুশীলন বা পরীক্ষামূলক ভোটগ্রহণ প্রক্রিয়া।

- প্রবাসী ভোটারদের জন্য 'পোস্টাল ভোট বিডি' অ্যাপ উদ্বোধন করা হয়- ১৮ নভেম্বর, ২০২৫।
- 'পোস্টাল ভোট বিডি' অ্যাপ দিয়ে যতটি দেশের প্রবাসীরা নিবন্ধন করতে পারবে- ১৪৩টি।

CC XUBAER AHMAD

CC XUBAER AHMAD

## গণভোটের সূচনা ও বাংলাদেশে গণভোট

- আধুনিক গণভোটের সূচনা হয়- ফ্রান্সে (১৭৯৩)।
- আনুষ্ঠানিকভাবে গণভোট শুরু হয়- সুইজারল্যান্ডে।
- গণভোটের ইংরেজি প্রতিশব্দ- Referendum.
- দেশে প্রথম গণভোট অনুষ্ঠিত হয়- ৩০ মে, ১৯৭৭।
- এখন পর্যন্ত দেশে গণভোট অনুষ্ঠিত হয়েছে- ৩টি (১৯৭৭, ১৯৮৫ ও ১৯৯১)।
- বাংলাদেশে গণভোট নিয়ে আইন পাস হয়- ১৯৯১।
- গণভোটের বিধান বাতিল হয়- সংবিধানের পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে (২০১১)।
- গণভোটের বিধান পুনরায় বহাল হয়- ১৭ ডিসেম্বর, ২০২৪।
- 'গণভোট অধ্যাদেশ, ২০২৫' জারি করা হয়- ২৫ নভেম্বর, ২০২৫।
- চতুর্থ গণভোট অনুষ্ঠিত হবে- জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫ এবং জুলাই জাতীয় সনদে সংবিধান সংস্কার সম্পর্কিত বিষয় নিয়ে।

দেশে প্রথম গণভোট অনুষ্ঠিত হয় ১৯৭৭ সালে প্রেসিডেন্ট জিয়াউর রহমানের শাসন কার্যের বৈধতা যাচাইয়ের জন্য।



প্রেসিডেন্ট জিয়াউর রহমান

## গণপ্রতিনিধিত্ব আদেশ (RPO) ১৯৭২ (সংশোধন) অধ্যাদেশ ২০২৫

গণপ্রতিনিধিত্ব আদেশ (RPO) এমন একটি আইনগত বিধান, যার মাধ্যমে রাষ্ট্রে জনগণের প্রতিনিধি নির্বাচন করার জন্য নির্বাচন পদ্ধতি, প্রার্থীর যোগ্যতা, ভোট গ্রহণ, ফল ঘোষণা এবং নির্বাচন কমিশনের ক্ষমতা ও দায়িত্ব নির্ধারণ করা হয়।

- RPO এর পূর্ণরূপ- The Representation of People's Order.
- প্রথম গণপ্রতিনিধিত্ব আদেশ প্রণয়ন করা হয়- ২৬ ডিসেম্বর, ১৯৭২।
- সর্বশেষ RPO সংশোধন অধ্যাদেশ জারি করা হয়- ৮ ডিসেম্বর, ২০২৫।
- এ পর্যন্ত RPO সংশোধন করা হয়েছে- ১৯ বার।

### উল্লেখযোগ্য সংশোধনী

- জোটের প্রার্থীকেও নিজ দলের প্রতীকে ভোট করতে হবে।
- প্রবাসীরা পোস্টাল ব্যালটে ভোট দিতে পারবেন।
- ইভিএম ব্যবহারের বিধান বিলুপ্ত।
- যে আসনে ১জন প্রার্থী থাকবেন সেখানে 'না' ভোটের বিধান।
- জামানত ৫০ হাজার টাকা করা হয়।
- ভোটার প্রতি ১০ টাকার বেশি ব্যয় করতে পারবেন না প্রার্থীরা।

## সম্মিলিত ইসলামী ব্যাংক পিএলসি

- দেশের প্রথম শরিয়াহভিত্তিক সরকারি ব্যাংক- সম্মিলিত ইসলামী ব্যাংক পিএলসি।
- গঠিত হয়- ৫টি ব্যাংকের সমন্বয়ে। যথা-
  - ➢ এক্সিম ব্যাংক পিএলসি
  - ➢ ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক পিএলসি
  - ➢ গ্লোবাল ইসলামী ব্যাংক পিএলসি
  - ➢ সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি
  - ➢ ইউনিয়ন ব্যাংক পিএলসি

**কেন্দ্রীয় ব্যাংক ব্যতীত ধরনভিত্তিক ব্যাংকের তালিকা**

| ধরন | তফসিলভুক্ত | তফসিল বহির্ভূত | মোট |
|---|---|---|---|
| রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক | ৭ | - | ৭ |
| রাষ্ট্রায়ত্ত বিশেষায়িত | ৩ | ৩ | ৬ |
| বেসরকারি | ৪৮ | ২ | ৫০ |
| মোট | ৫৮ | ৫ | ৬৩ |

### একনজরে ইসলামী শরিয়াহভিত্তিক ব্যাংক

- সম্মিলিত ইসলামী ব্যাংক পিএলসি উদ্বোধন করা হয়- ৪ ডিসেম্বর, ২০২৫।
- সম্মিলিত ইসলামী ব্যাংক পিএলসি তফসিলি ব্যাংকরূপে তালিকাভুক্ত হয়- ১ ডিসেম্বর, ২০২৫।
- সম্মিলিত ইসলামী ব্যাংক পিএলসি'র প্রথম চেয়ারম্যান- ড. মোহাম্মদ আইয়ুব মিয়া।
- দেশের সর্বশেষ তফসিলভুক্ত ব্যাংক- সম্মিলিত ইসলামী ব্যাংক পিএলসি।
- মূলধন বিবেচনায় দেশের সর্ববৃহৎ রাষ্ট্র মালিকানাধীন এবং শরিয়াহভিত্তিক ব্যাংক- সম্মিলিত ইসলামী ব্যাংক পিএলসি।
- দেশীয় উদ্যোগে প্রতিষ্ঠিত ইসলামী শরিয়াহভিত্তিক ব্যাংক- আল আরাফাহ ইসলামী ব্যাংক পিএলসি।
- বর্তমানে শরিয়াহভিত্তিক ইসলামী ব্যাংক- ৬টি (সরকারি- ১টি)।

Job Hunter

CC XUBAER AHMAD

## একনজরে ২০২৫ সালে উল্লেখযোগ্য জারিকৃত অধ্যাদেশ

| অধ্যাদেশ | অধ্যাদেশ জারি |
|---|---|
| ▪ 'নারী ও শিশু নির্যাতন দমন (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫' | ২৫ মার্চ |
| ▪ 'সন্ত্রাস বিরোধী (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫' | ১১ মে |
| ▪ সরকারি চাকরি (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ | ২৫ মে |
| ▪ জুলাই গণঅভ্যুত্থানের শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের কল্যাণ ও পুনর্বাসন অধ্যাদেশ, ২০২৫ | ১৭ জুন |
| ▪ বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ | ১০ আগস্ট |
| ▪ সাইবার সুরক্ষা (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ | ২২ অক্টোবর |
| ▪ আয়কর (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ | ৬ নভেম্বর |
| ▪ জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর অধ্যাদেশ, ২০২৫ | ১৩ নভেম্বর |
| ▪ গণভোট অধ্যাদেশ, ২০২৫ | ২৫ নভেম্বর |
| ▪ সুপ্রীম কোর্ট সচিবালয় অধ্যাদেশ, ২০২৫ | ৩০ নভেম্বর |
| ▪ গুম প্রতিরোধ ও প্রতিকার অধ্যাদেশ, ২০২৫ | ১ ডিসেম্বর |
| ▪ জাতীয় মানবাধিকার কমিশন (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ | ৮ ডিসেম্বর |
| ▪ পুলিশ কমিশন অধ্যাদেশ, ২০২৫। | ৯ ডিসেম্বর |
| ▪ ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ | ১ জানুয়ারি, ২০২৬ |
| ▪ বাণিজ্যিক আদালত অধ্যাদেশ, ২০২৫ (প্রথমবারের মতো) | ১ জানুয়ারি, ২০২৬ |

## একনজরে অধ্যাদেশ সংক্রান্ত বিবিধ তথ্য


- সিগারেট, ভেপ, হিটেড টোব্যাকোসহ সব ধরনের তামাকপণ্য নিষিদ্ধ করে জারি করা হয়- 'ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) (সংশোধন) অধ্যাদেশ ২০২৫' (প্রকাশ্যে ধূমপানে ২ হাজার টাকা জরিমানা)।
- পুলিশ কমিশন অধ্যাদেশ, ২০২৫ অনুযায়ী পুলিশ কমিশন যত সদস্যবিশিষ্ট হবে- ৫।
- দেশে গুম প্রতিরোধ ও প্রতিকার ট্রাইব্যুনাল গঠন করা হয়- ১৫ ডিসেম্বর, ২০২৫।
- সুপ্রিম কোর্ট সচিবালয় উদ্বোধন করা হয়- ১১ ডিসেম্বর, ২০২৫।
- সুপ্রিম কোর্ট সচিবালয় কমিশন গঠিত হবে- ৫ সদস্যের সমন্বয়ে।
- যে অধ্যাদেশ বলে নির্বাহী বিভাগ থেকে বিচারবিভাগ পুরোপুরি আলাদা হয়- সুপ্রিম কোর্ট সচিবালয় অধ্যাদেশ ২০২৫।
- 'গুম প্রতিরোধ ও প্রতিকার অধ্যাদেশ, ২০২৫' গেজেট প্রকাশিত হয়- ১৭ ডিসেম্বর, ২০২৫।
- 'গুম প্রতিরোধ ও প্রতিকার অধ্যাদেশ, ২০২৫' অনুযায়ী গুমের অপরাধে জড়িত ব্যক্তিদের সর্বোচ্চ শাস্তি- মৃত্যুদণ্ড।
- বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (UGC) বিলুপ্ত করে গঠনের উদ্যোগ নেওয়া হয়- বাংলাদেশ উচ্চশিক্ষা কমিশন।
- 'ক্ষুদ্রঋণ ব্যাংক অধ্যাদেশ, ২০২৫' এর খসড়া অনুযায়ী দেশে প্রথমবারের মতো প্রতিষ্ঠা করার উদ্যোগ নেওয়া হয়- ক্ষুদ্রঋণ ব্যাংক।
- মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের নাম পরিবর্তন করে ঘোষিত নতুন নাম- নারী ও শিশু মন্ত্রণালয়।

## 'সাম্প্রতিক ক্যাপসুল-৩' এর আপডেট তথ্য

- বাংলাদেশের ২৬তম প্রধান বিচারপতি- জুবায়ের রহমান চৌধুরী।
- G7'র চেয়ারম্যান- ইমানুয়েল ম্যাক্রোঁ (ফ্রান্স)।
- D8 মহাসচিব- সোহেল মাহমুদ (পাকিস্তান)।
- জাতিসংঘ শরণার্থী সংস্থার (UNHCR) হাইকমিশনার- বারহাম সালিহ।
- ২ ফেব্রুয়ারি, ২০২৬ স্থায়ী সালিশ আদালতে (PCA) ১২৭তম সদস্য লাভ করবে- ইন্দোনেশিয়া।
- ইউরোপীয় ইউনিয়নের (EU) যতটি দেশ ইউরো মুদ্রা গ্রহণ করেছে- ২১টি (সর্বশেষ- বুলগেরিয়া)।

**বিশেষত গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার্থীদের**

**সাধারণ জ্ঞানের বিশেষ সহায়িকা "মৌলিক GK"**




**সারাদেশে পাওয়া যাচ্ছে...**

**HSC'র বিষয়ভিত্তিক বোর্ড বই বিশ্লেষণে রচিত**

**মৌলিক GK**

Job Hunter
CC XUBAER AHMAD

## ভেনেজুয়েলায় যুক্তরাষ্ট্রের সেনাবাহিনীর ডেল্টা ফোর্সের অভিযান আটক প্রেসিডেন্ট নিকোলাস মাদুরো ও তাঁর স্ত্রী সিলিয়া ফ্লোরেস

- সামরিক হামলার নাম- Operation Absolute Resolve.
- সময়কাল- ৩ জানুয়ারি, ২০২৬।
- হামলা চালায় রাজধানী কারাকাসের বিভিন্ন স্থানে। যথা-
  - লা কারলোটা সামরিক বিমানঘাঁটি
  - ফুয়ের্তে তিউনা সামরিক সামরিক ঘাঁটি
  - পোর্ত লা গুয়েরা বন্দর
  - হিগুয়েরোতে বিমানবন্দর



ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরো

- হামলা ও আটকে নেতৃত্ব দেয়- ডেল্টা ফোর্স ও ১৬০তম স্পেশাল অপারেশনস এভিয়েশন রেজিমেন্ট।
- গ্রেপ্তার করা হয়- ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরো ও তাঁর স্ত্রী সিলিয়া ফ্লোরেসকে।
- আটক করে রাখা হয়- ব্রুকলিন মেট্রোপলিটন ডিটেনশন সেন্টার বা ব্রুকলিন কারাগার বা (নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র)।
- আটকের কারণ- মাদক পাচার ও অবৈধ অস্ত্র রাখার দায়ে।
- আটকে ব্যবহৃত জাহাজ- USS low Jima.
- ভেনেজুয়েলার অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট- ডেলসি রদ্রিগেজ।
- 'ডেল্টা ফোর্স' এর পূর্ণনাম- ফার্স্ট স্পেশাল ফোর্সেস অপারেশনাল ডিটাচমেন্ট (প্রতিষ্ঠিত হয়- ১৯৭৭ সালে)।
- যুক্তরাষ্ট্র কর্তৃক 'বিদেশি সন্ত্রাসী সংগঠন' হিসেবে ঘোষিত ভেনিজুয়েলার সংগঠন- কার্টেল দে লস সোলেস।
- বিশ্বের সর্ববৃহৎ তেলের রিজার্ভ (মজুদ) রয়েছে- ভেনেজুয়েলা।

## রাকসু, চাকসু ও জকসু: ছাত্র সংসদের ইতিকথা

### রাকসু

- RUCSU- Rajshahi University Central Students' Union.
- পরিচয়- রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ।
- প্রতিষ্ঠিত হয়- ১৯৬২ সালে।
- প্রথম ভিপি ও জিএস- মনিরুজ্জামান মিয়া ও আব্দুর রাজ্জাক খান।
- প্রতিষ্ঠার পর মোট নির্বাচন অনুষ্ঠিত হয়- ১৪ বার।

### চাকসু

- CUCSU- Chittagong University Central Students' Union.
- পরিচয়- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ।
- প্রতিষ্ঠিত হয়- ১৯৬৬ সালে।
- প্রথম নির্বাচন অনুষ্ঠিত হয়- ১৯৭০ সালে।
- প্রথম ভিপি ও জিএস- মোহাম্মদ ইব্রাহিম ও আব্দুর রব।

> ➲ মুক্তিযুদ্ধকালীন রাজশাহী বিশ্ববিদ্যালয় ছিল সেক্টর ৭-এ।
>
> ➲ মুক্তিযুদ্ধকালীন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছিল সেক্টর ১-এ।

### জকসু

- JnUCSU- Jagannath University Central Students' Union.
- পরিচয়- জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ।
- প্রতিষ্ঠিত হয়- ১৯৫৪ সালে।
- ১৯৫৪ সালে প্রতিষ্ঠিত নাম- জগন্নাথ কলেজ ছাত্র সংসদ (জকসু)।
- ২০২৫ সালে বিশ্ববিদ্যালয় হিসেবে প্রথমবারের মতো জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা করে।

## সুদানে সন্ত্রাসী হামলায় ছয় বাংলাদেশি শান্তিরক্ষী নিহত

১৩ ডিসেম্বর, ২০২৫ সুদানের 'আবেই' এলাকায় জাতিসংঘ শান্তি রক্ষা মিশনের আওতাধীন 'কাদুগলি লজিস্টিক বেজে' বিচ্ছিন্নতাবাদী সশস্ত্র গোষ্ঠী ড্রোন হামলা করলে ৬ জন বাংলাদেশি শান্তিরক্ষী নিহত হন। 'আবেই' অঞ্চলটি সুদান ও দক্ষিণ সুদানের মধ্যে বিরোধপূর্ণ এলাকা হিসেবে পরিচিত।



বিতর্কিত আবেই অঞ্চল

### আবেই অঞ্চলে জাতিসংঘ মিশন

- আবেই অঞ্চলে জাতিসংঘ পরিচালিত শান্তিরক্ষা মিশনের নাম- UNISFA.
- UNISFA এর পূর্ণরূপ- United Nations Interim Security Force for Abyei.
- বর্তমানে জাতিসংঘের অধীনে শান্তিরক্ষা মিশন কার্যকর রয়েছে- ১১টি।
- শান্তিরক্ষা মিশনে সৈন্য প্রেরণকারী শীর্ষ দেশ- নেপাল (বাংলাদেশ- ৩য়)।
- আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস- ২৯ মে।

## স্বঘোষিত রাষ্ট্র সোমালিল্যান্ডকে ইসরায়েল কর্তৃক স্বাধীন রাষ্ট্রের স্বীকৃতি

- জাতিসংঘের প্রথম ও একমাত্র সদস্য দেশ হিসেবে সোমালিল্যান্ডকে স্বাধীন রাষ্ট্রের স্বীকৃতি দিয়েছে- ইসরায়েল।
- সোমালিয়ার কাছ থেকে সোমালিল্যান্ড নিজেদের স্বাধীন ঘোষণা করে- ১৯৯১ সালে।




১৯৯১ সালে হর্ন অব আফ্রিকা অঞ্চলের দেশ সোমালিয়ার উত্তর-পশ্চিম ভূখণ্ডের একটি অংশ সোমালিল্যান্ড নামে স্বাধীনতা ঘোষণা করলেও জাতিসংঘভুক্ত বিশ্বের কোনো দেশ এটিকে এতোদিনেও স্বীকৃতি দেয়নি। সম্প্রতি ২৬ ডিসেম্বর, ২০২৫ ইসরায়েল বিশ্বের প্রথম ও একমাত্র দেশ হিসেবে সোমালিল্যান্ডকে স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র হিসেবে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি দিয়েছে। সোমালিল্যান্ডের রাজধানী হারগেইসা। এছাড়াও সোমালিয়ার পান্টল্যান্ড নামক অঞ্চলটিও স্বাধীনতাকামী হিসেবে পরিচিত।

**আলোচিত স্বাধীনতাকামী প্রদেশ**

| স্বাধীনতাকামী প্রদেশ | যে দেশের অংশ |
|---|---|
| • নিউ ক্যালিডোনিয়া | ফ্রান্স |
| • কাতালোনিয়া | স্পেন |
| • কুর্দিস্তান | ইরাক |
| • বাংসামারো | ফিলিপাইন |
| • ক্যালিফোর্নিয়া | যুক্তরাষ্ট্র |
| • কারেন রাজ্য | মিয়ানমার |
| • তাতারস্তান<br>• দক্ষিণ ওশেটিয়া<br>• আবখাজিয়া | রাশিয়া |
| • ইরিয়ান জায়া<br>• বান্দা আচেহ<br>• পশ্চিম পাপুয়া<br>• পশ্চিম তিমুর | ইন্দোনেশিয়া |

# রাশিয়া-ইউক্রেন সংকটের আদ্যোপান্ত



রাশিয়ার প্রেসিডেন্ট
ভ্লাদিমির পুতিন

- ২৪ ফেব্রুয়ারি ২০২২ রাশিয়া ইউক্রেনে 'বিশেষ সামরিক অভিযান' নামে হামলা শুরু করে।
- ১৬ মে, ২০২৫ তুরস্কের ইস্তাম্বুলে যুদ্ধের তিন বছরের মধ্যে প্রথমবারের মতো শান্তি আলোচনায় বসে রাশিয়া ও ইউক্রেনের প্রতিনিধিরা।
- রাশিয়া-ইউক্রেন শান্তি আলোচনার দফা ১৯টি।
- সম্প্রতি যুদ্ধ বন্ধে ইউক্রেনকে ১৫ বছরের নিরাপত্তা নিশ্চয়তার প্রস্তাব দিয়েছে যুক্তরাষ্ট্র।



ইউক্রেনের প্রেসিডেন্ট
ভলোদিমির জেলেনস্কি

## ইউক্রেনের ৪ অঞ্চলের অন্তর্ভুক্তি

৩০ সেপ্টেম্বর, ২০২২ রাশিয়া ইউক্রেনের যে ৪টি অঞ্চলকে রাশিয়ার অন্তর্ভুক্ত করার আনুষ্ঠানিক ঘোষণা দেয়- লুহানস্ক, দোনেৎস্ক, জাপোরিঝঝিয়া এবং খেরসন। ইউক্রেনের ৪ অঞ্চল হলো-

- ➢ লুহানস্ক ও দোনেৎস্ক- ইউক্রেনের পূর্বদিকে অবস্থিত।
- ➢ জাপোরিঝঝিয়া ও খেরসন- ইউক্রেনের দক্ষিণ দিকে অবস্থিত।

**পূর্ব ইউক্রেনের 'দোনেৎস্ক' ও 'লুহানস্ক' অঞ্চলকে একত্রে 'দনবাস' বলা হয়।**




- **ইউক্রেনের সীমান্তবর্তী ৭টি দেশ-** রাশিয়া, বেলারুশ, পোল্যান্ড, স্লোভাকিয়া, হাঙ্গেরি, রোমানিয়া, ও মলদোভা।
- **রাশিয়ার সীমান্তবর্তী ১৪টি দেশ-** ইউক্রেন, বেলারুশ, জর্জিয়া, চীন, আজারবাইজান, কাজাখস্তান, মঙ্গোলিয়া, উত্তর কোরিয়া, নরওয়ে, ফিনল্যান্ড, এস্তোনিয়া, লাটভিয়া, লিথুনিয়া ও পোল্যান্ড।
- ✎ রাশিয়া ও ইউক্রেন উভয় দেশের সাথেই সীমান্ত রয়েছে এমন দেশ- বেলারুশ।

## যুদ্ধে আলোচিত অঞ্চল

| অঞ্চল | বিশেষ তথ্য |
|---|---|
| কিয়েভ | ইউক্রেনের রাজধানী কিয়েভ নিপার নদীর তীরে অবস্থিত। |
| মারিওপোল | ইউক্রেনের দোনেৎস্ক অঞ্চলের আজভ সাগরের তীরে অবস্থিত একটি বন্দরনগরী। |
| ওডেসা | ইউক্রেনের কৃষ্ণসাগরীয় সমুদ্রবন্দর। |
| জাপোরিঝঝিয়া | 'জাপোরিঝঝিয়া পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রটি' ইউরোপের বৃহত্তম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র। |
| খেরসন | দক্ষিণ ইউক্রেনের একটি বন্দরশহর। |
| কালিনিনগ্রাদ | বাল্টিক সাগরের তীরে পোল্যান্ড ও লিথুয়ানিয়ার মাঝে অবস্থিত রুশ ছিটমহল। |

## রাশিয়ার ক্রিমিয়া দখল

- রাশিয়া ক্রিমিয়া দখল করে- ২০১৪ সালে।
- ক্রিমিয়ার রাজধানী- সিম্পফেরোপোল (বৃহত্তম নগরী সেভাস্তোপোল)।
- রাশিয়ায় যোগদানের জন্য ক্রিমিয়াতে গণভোট হয়- ১৬ মার্চ, ২০১৪ সালে।
- কার্চ প্রণালী বিভক্ত করেছে- ক্রিমিয়া উপদ্বীপ ও তামান উপদ্বীপকে (রাশিয়া)।
- কার্চ প্রণালী যুক্ত করেছে- আজভ সাগর ও কৃষ্ণ সাগরকে।
- ক্রিমিয়াকে বলা হয়- কৃষ্ণসাগরের চাবি।

> **ক্রিমিয়া দখল করার কারণে রাশিয়াকে G-8 থেকে বাদ দেওয়া হয়। তাই G-8 এর বর্তমান নাম G-7।**

## ক্রিমিয়া যুদ্ধ

- যুদ্ধ হয়- ১৮৫৩-১৮৫৬ সাল পর্যন্ত।
- যুদ্ধের কারণ- পতনের মুখে থাকা তুরস্ক সাম্রাজ্যকে ভাগাভাগি।
- পক্ষ- রাশিয়া-মিত্রবাহিনী (ফ্রান্স, ব্রিটেন)।
- ক্রিমিয়া যুদ্ধের সময় অটোম্যান সাম্রাজ্যের সুলতান ছিল- আব্দুল মজিদ (৩১তম)।

> **ক্রিমিয়া যুদ্ধে সেবা প্রদানের কারণে প্রশংসিত হন সেবিকা ফ্লোরেন্স নাইটিঙ্গেল।**

## 'এমভি বাংলার সমৃদ্ধি' জাহাজে রকেট হামলা



বাংলাদেশি জাহাজ 'এমভি বাংলার সমৃদ্ধি'

- বাংলাদেশের 'এমভি বাংলার সমৃদ্ধি' জাহাজটি আটকা পড়ে- ইউক্রেনের কৃষ্ণসাগরের 'অলিভিয়া' সমুদ্রবন্দরে।
- জাহাজে রকেট হামলা হয়- ২ মার্চ, ২০২২।
- 'এমভি বাংলার সমৃদ্ধি' জাহাজের নিহত বাংলাদেশি নাবিক- মো. হাদিসুর রহমান।
- রাশিয়ার নর্ড স্ট্রিম প্রাকৃতিক গ্যাস পাইপ লাইন ১ ও ২ অবস্থিত- বাল্টিক সাগরে।




বাংলাদেশি নাবিক মো. হাদিসুর রহমান

## বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস

১১ মার্চ, ২০২০ বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) করোনা ভাইরাসের ফলে সৃষ্ট Covid-19 কে বৈশ্বিক মহামারি ঘোষণা করে। WHO এ পর্যন্ত ৩টি ভাইরাসকে Pandemic ঘোষণা করে, যথা- স্প্যানিশ ফ্লু (১৯১৮), সোয়াইন ফ্লু (২০০৯) এবং কোভিড-১৯ (২০২০)।

## উৎপত্তি ও ক্রমবিকাশ

- করোনা (Corona) ল্যাটিন ভাষার শব্দ, যার অর্থ- পুষ্পমাল্য বা পুষ্পমুকুট।
- করোনা ভাইরাস গোত্রের সপ্তম প্রজাতির নাম- SARS-CoV-2
- পূর্ণরূপ- Severe Acute Respiratory Syndrome Coronavirus 2।
- SARS-CoV-2 এর কারণে সৃষ্ট রোগের নাম- COVID-19।
- COVID-19 এর প্রাথমিক নাম- 2019 Novel Coronavirus।



করোনা শব্দটির অর্থ পুষ্পমাল্য বা পুষ্পমুকুট

## বিশেষ তথ্যে করোনা ভাইরাস

- বিশ্বে প্রথম স্থায়ী করোনার টিকা হিসেবে অনুমোদন পায়- ফাইজার-বায়োএনটেকের টিকা।
- করোনা ভাইরাস সংক্রমণ রোধে বাংলাদেশ সেনাবাহিনী পরিচালিত অভিযান- Operation Covid Shield.
- বাংলাদেশে করোনা ভাইরাসের টিকা গ্রহণের জন্য নিবন্ধিত হওয়ার অ্যাপ- সুরক্ষা।
- করোনা প্রথম শনাক্ত হয়- চীনের হুবেই প্রদেশের উহান শহরে (৩১ ডিসেম্বর, ২০১৯)।

## সমুদ্র রক্ষায় ঐতিহাসিক চুক্তিতে বাংলাদেশের স্বাক্ষর ও অনুসমর্থন


- উন্মুক্ত সমুদ্র চুক্তি (High Seas Treaty)- সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধিতে অর্ধেক পৃথিবী তলিয়ে যাওয়া রোধে অত্যাবশ্যকীয় পদক্ষেপ গ্রহণে জাতিসংঘের সদস্য রাষ্ট্রগুলোর স্বাক্ষরিত চুক্তির খসড়ার নাম।
- স্বাক্ষরিত হয়- ৪ মার্চ, ২০২৩।
- গৃহীত হয়- ১৯ জুন, ২০২৩ (নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র)।
- চুক্তিটির শর্ত ছিল- ৬০টি দেশ অনুসমর্থন করার ১২০দিন পর চুক্তিটি কার্যকর হবে।
- ৬০তম দেশ হিসেবে চুক্তিটি অনুসমর্থন করে- মরক্কো (১৯ সেপ্টেম্বর, ২০২৫)।
- চুক্তিটি কার্যকর হবে- ১৭ জানুয়ারি, ২০২৬।
- চুক্তির মূল উদ্দেশ্য- গভীর সমুদ্রের পরিবেশগত ভারসাম্য, জীববৈচিত্র রক্ষা এবং মহাসমুদ্রের যথাযথ ব্যবহার নিশ্চিত করা।

### বাংলাদেশের স্বাক্ষর ও অনুসমর্থন

- বাংলাদেশ স্বাক্ষর করে- ২০ সেপ্টেম্বর, ২০২৩।
- বাংলাদেশ অনুসমর্থন করে- ২৪ সেপ্টেম্বর, ২০২৪।

### হাই সি (High Sea)

- High Sea হলো- আন্তর্জাতিক জলসীমা, যেখানে সব দেশের অধিকার, জাহাজ চালানো ও গবেষণার অধিকার রয়েছে।
- নতুন এই চুক্তি যখন কার্যকর হবে, তখন আন্তর্জাতিক জলসীমায় সামুদ্রিক প্রাণী সুরক্ষার জন্য নির্দিষ্ট এলাকা গড়ে তোলা যাবে।
- সমুদ্র রক্ষায় সর্বশেষ যে আন্তর্জাতিক চুক্তি হয়েছিল, তা হলো UN Convention on the Law of the Sea, যা ১৯৮২ সালে স্বাক্ষরিত হয় এবং কার্যকর হয় ১৯৯৪ সালে।




চিত্র: সামুদ্রিক সীমানা

## ফুড আউটলুক-২০২৫ *[জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (FAO)]*

| পণ্য | উৎপাদন | আমদানি | রপ্তানি | ভোগ | |
|---|---|---|---|---|---|
| | | | | মোট | মাথাপিছু |
| চিনি | ব্রাজিল | চীন | ব্রাজিল | ভারত | ... |
| ধান | ভারত | ফিলিপাইন | ভারত | চীন | মিয়ানমার |
| ভুট্টা | যুক্তরাষ্ট্র | মেক্সিকো | যুক্তরাষ্ট্র | যুক্তরাষ্ট্র | মেক্সিকো |
| গম | চীন | মিসর | রাশিয়া | চীন | তুরস্ক |

### বিশ্বে বাংলাদেশের অবস্থান

- মাথাপিছু চাল ভোগে- ২য়।
- চাল ভোগে- ৩য়।
- ধান উৎপাদনে- ৩য়।
- গম আমদানিতে- ৫ম।

### দেশের রপ্তানি চিত্র ২০২৪-২৫

- বৃহত্তম রপ্তানি খাত- তৈরি পোশাক।
- দ্বিতীয় বৃহত্তম রপ্তানি খাত- চামড়া ও চামড়াজাত পণ্য।
- তৃতীয় বৃহত্তম রপ্তানি খাত- কৃষিজাত পণ্য।
- মোট রপ্তানি আয়- ৪৮,২৮৩.৯৩ মিলিয়ন মার্কিন ডলার।

JobHunter

## চীন বিরোধী যুক্তরাষ্ট্রের নেতৃত্বাধীন ৬ জোট

### I2U2
- যুক্তরাষ্ট্রের নেতৃত্বে গঠিত কৌশলগত অংশীদারিত্ব।
- গঠিত হয়- অক্টোবর, ২০২১।
- উদ্দেশ্য- মার্কিন মিত্র শক্তিকে পুনরুজ্জীবিত করা।
- সদস্য দেশ- ৪টি
  I2 = (India, Israel) &
  U2 = (USA & UAE)

### AUKUS
- পরিচয়- ত্রিদেশীয় প্রতিরক্ষার কৌশলগত একটি জোট।
- গঠিত হয়- ১৫ সেপ্টেম্বর, ২০২১।
- সদস্য দেশ- ৩টি (অস্ট্রেলিয়া, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্র)।
- নামকরণ করা হয়- Australia-A, United Kingdom-UK, United States-US তিন দেশের নামের আদ্যাক্ষর দিয়ে।

### PBP
- PBP- Partners in the Blue Pacific.
- পরিচয়- প্রশান্ত মহাসাগর আঞ্চলীয় জোট।
- গঠিত হয়- ২৪ জুন, ২০২২।
- সদস্য দেশ- ৫টি (যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড ও জাপান)।

### IPAC
- IPAC- Inter-Parliamentary Alliance on China.
- গঠিত হয়- ৪ জুন, ২০২০।
- প্রতিষ্ঠাতা সদস্য দেশ- যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, জার্মানি, কানাডা, অস্ট্রেলিয়া, জাপান, সুইডেন ও নরওয়ে।

### QUAD
- পরিচয়- চতুর্দেশীয় একটি সামরিক জোট।
- গঠিত হয়- ২০০৭ সালে; জাপানের তৎকালীন প্রধানমন্ত্রী শিনজো অ্যাবের নেতৃত্বে।
- সদস্য দেশ- ৪টি (অস্ট্রেলিয়া, যুক্তরাষ্ট্র, জাপান ও ভারত)।
- উদ্দেশ্য- চীনের অর্থনৈতিক ও সামরিক অগ্রযাত্রা প্রতিহত করা।
- সম্প্রতি বাংলাদেশকে কোয়াডে সদস্য হওয়ার আমন্ত্রণ জানানো হয়েছে।

### IPEF
- IPEF- Indo-Pacific Economic Framework.
- পরিচয়- ইন্দো-প্যাসিফিক অঞ্চলের ১৪টি দেশকে নিয়ে গঠিত জোট।
- সদস্য দেশ- ১৪টি (যুক্তরাষ্ট্র, ভারত, জাপান, দ. কোরিয়া, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, থাইল্যান্ড, সিঙ্গাপুর, ফিলিপাইন, ভিয়েতনাম, ব্রুনেই ও ফিজি।

## চীনকে প্রতিরোধে PGII

- **PGII-** Partnership for Global Infrastructure and Investment.
- **উদ্দেশ্য-** জি-৭ জোট চীনের 'বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ' প্রকল্পের পাল্টা ব্যবস্থা হিসেবে তহবিল গঠন করা।
- **পূর্বনাম-** Build Back Better World (B3W).
- **তহবিল গঠনের লক্ষ্য-** ২০২৭ সালের মধ্যে ৬০,০০০ কোটি ডলার।

## ইউরেশিয়ান অর্থনৈতিক ইউনিয়ন EAEU

- পরিচয়- ইউরোপ ও এশিয়ায় অবস্থিত ৫টি সোভিয়েত পরবর্তী রাষ্ট্রের অর্থনৈতিক ইউনিয়ন।
- EAEU এর পূর্ণরূপ- Eurasian Economic Union.
- প্রতিষ্ঠিত হয়- ১ জানুয়ারি, ২০১৫।
- অর্থনৈতিক কমিশনের সদর দপ্তর- মস্কো, রাশিয়া।
- সদস্য দেশ- ৫টি (আর্মেনিয়া, বেলারুশ, কাজাখস্তান, কিরগিজিস্তান ও রাশিয়া)।
- বর্তমান চেয়ারম্যান- আলেকজান্ডার লুকাশেঙ্কো (বেলারুশের প্রেসিডেন্ট)।

JobHunter

# আলোচনায় বাউলশিল্পী

## লালন সাঁই



- **জন্ম-** ১৭ অক্টোবর ১৭৭২ (হরিশপুর, ঝিনাইদহ) [মতান্তরে- ১৭ অক্টোবর, ১৭৭৪]
- **মৃত্যু-** ১৭ অক্টোবর, ১৮৯০ (ছেউড়িয়া, কুমারখালী, কুষ্টিয়া)।
- **সমাধি-** ছেউড়িয়া, কুমারখালী, কুষ্টিয়া।
- **তিনি প্রভাবিত হয়েছেন-** সিরাজ সাঁই দ্বারা।
- **তাঁর দ্বারা প্রভাবিত হয়েছেন-** গগন হরকরা, রবীন্দ্রনাথ ঠাকুর, কাজী নজরুল ইসলাম ও অ্যালেন গিন্সবার্গ।
- প্রতিবছর দোল পূর্ণিমা (মার্চ-এপ্রিল) ও মৃত্যুবার্ষিকীতে ভক্তবৃন্দ তাঁকে শ্রদ্ধা নিবেদন করে।
- **স্ত্রী-** বিশখা।
- **অন্যান্য নাম-** লালন ফকির, ফকির লালন শাহ, মহাত্মা লালন
- ভারতীয় উপমহাদেশে সর্বপ্রথম তাঁকে মহাত্মা উপাধি দেওয়া হয়।
- **উপাধি-** ফকির, মহাত্মা, ফকির সম্রাট।
- **পরিচিতি-** মানবতাবাদী দর্শন, মরমী কবি, আধ্যাত্মিক ভাবধারার গানের রচয়িতা।

### বিখ্যাত গান

- খাঁচার ভিতর অচিন পাখি...
- জাত গেল জাত গেল বলে...
- বাড়ির কাছে আরশিনগর...
- সময় গেলে সাধন হবে না...
- সব লোকে কয় লালন কি জাত সংসারে...
- আমি অপার হয়ে বসে আছি...
- তিন পাগলে হলো মেলা নদে এসে...
- মানুষ ভজলে সোনার মানুষ হবি...
- আমার ঘর খানায় কে বিরাজ করে...
- সত্য বল সুপথে চল...
- সহজ মানুষ ভজে দেখনারে মন দিব্যজ্ঞানে...
- আমার ঘরের চাবি পরেরই হাতে...।

## হাসন রাজা



- **জন্ম-** তেঘরিয়া, লক্ষণশ্রী, সুনামগঞ্জ, সিলেট (২১ ডিসেম্বর, ১৮৫৪)। সুরমা নদীর তীরে
- **মৃত্যু-** ৭ ডিসেম্বর, ১৯২২।
- **পরিচিতি-** মরমী কবি, বাউল শিল্পী।
- **তাঁর জীবনের উপর ভিত্তিকৃত প্রথম চলচ্চিত্র-** হাসন রাজা, ২০০২ (পরিচালক- চাষী নজরুল ইসলাম)।
- **তাঁর বিখ্যাত রচনাবলি-** হাসন উদাস, হাছন বাহার ও শৌখিন বাহার।

### বিখ্যাত গান

- একদিন তোর হইবো রে মরণ...
- মাটির ও পিঞ্জিরার মাঝে বন্দি হইয়ারে...
- লোকে বলে বলে রে...
- আগুন লাগাইয়া দিলো...
- সোনা বন্ধু আমারে দেওয়ানা বানাইলো...
- নিশা লাগিলো রে...
- বাউলা কে বানাইলো রে...
- তুমি যে ক্ষতি করলা আমার...

## শাহ্ আব্দুল করিম



- **জন্ম-** উজানধল, দিরাই, সুনামগঞ্জ (১৫ ফেব্রুয়ারি, ১৯১৬)।
- **মৃত্যু-** সুনামগঞ্জ, সিলেট (১২ সেপ্টেম্বর, ২০০৯)।
- **পরিচিতি-** বাউল সম্রাট, সংগীতশিল্পী, সুরকার, গীতিকার।
- **গানের ধরন-** লোকগীতি, বাউলগান ও ভাটিয়ালি।
- **রচিত গানের সংখ্যা-** ৫০০ এর অধিক।


### বিখ্যাত গান

- বন্দে মায়া লাগাইছে...
- আগে কি সুন্দর দিন কাটাইতাম...
- গাড়ি চলে না...
- ঝিলমিল ঝিলমিল করে রে ময়ূরপঙ্খী নাও...
- আমি মিনতি করিরে...
- কেমনে ভুলিবো আমি বাঁচি না তারে ছাড়া...
- কেন পিড়িতি বাড়াইলারে বন্ধু...
- মাঁটির ও পিঞ্জিরায় সোনার ময়না রে...
- আগের বাহাদুরী এখন গেল কই...
- রঙ্গিলা বারই রে...
- আসি বলে গেল বন্ধু আইলো না...
- এইযে দুনিয়া কিসেরও লাগিয়া...(শিল্পী- আব্দুল আলীম)
- পরানের বান্ধবরে বুড়ি হইলাম তোর কারণে... (শিল্পী- শেখ ওয়াহিদুর রহমান)
- ও কি গাড়িয়াল ভাই... (গানটি একটি ভাওয়াইয়া গান)।

## অন্যান্য বিখ্যাত শিল্পী

- পাগলা কানাই- প্রতিদ্বন্দ্বিমূলক ও আধ্যাত্মিক গানে পারদর্শী
- রাধারমণ দত্ত- ধামাইল গানের প্রবক্তা
- শিতালং শাহ- মরমী সাধক
- ওস্তাদ আলাউদ্দিন খাঁ- বাংলাদেশের সুরসম্রাট
- পাঞ্জু শাহ- বাঙালি মরমী কবি (জন্ম- ঝিনাইদহ)


## BUP'র জন্য জোবায়ের'স সিরিজের অনন্য সহায়িকা




Zubair's GK
(English Version)




BUP তে ভর্তির জন্য গাইড
স্মার্ট কার্ড

Job Hunter

CC XUBAER AHMAD

# অতি সম্প্রতিকে আলোচিত Keywords




বিজয় দিবসে প্যারাস্যুটিং প্রদর্শনীতে ৫৪ জন প্যারাট্রুপারের দল 'টিম বাংলাদেশ'

- **মনসুন প্রোটেস্ট আর্কাইভস-** জুলাই গণঅভ্যুত্থানের ডিজিটাল তথ্য সংরক্ষণ প্ল্যাটফর্ম।
- **জুলাই-** দেশে আধুনিক ও দাপ্তরিক ব্যবহারের উপযোগী নতুন বাংলা ফন্ট।
- **কাগজ ডট এআই-** বাংলা ভাষার প্রথম এআই প্ল্যাটফর্ম।
- **PayPal-** যুক্তরাষ্ট্রের অনলাইনভিত্তিক জনপ্রিয় অর্থ লেনদেন ব্যবস্থা।
- **TAK-003-** বাজারে প্রচলিত একমাত্র ডেঙ্গু টিকা (QDENGA নামেও পরিচিত)।
- **Blue Holes-** সৌদি আরবের লোহিত সাগরে অবস্থিত একটি সিঙ্কহোল।
- **Vive Coding-** কলিন্স ডিকশনারি ২০২৫ সালের বর্ষসেরা শব্দ।
- **গোল্ডকার্ড-** ধনী বিদেশিদের জন্য যুক্তরাষ্ট্রের চালুকৃত ভিসা।
- **ডিটওয়া-** সম্প্রতি শ্রীলঙ্কায় ব্যাপক ক্ষয়ক্ষতি সাধনকারী ঘূর্ণিঝড়।
- **Global Mutirão-** কপ ৩০ এর স্লোগান (অর্থ- বিশ্বব্যাপী সম্মিলিত প্রচেষ্টা)।
- **ইনভেস্টমেন্ট ম্যাচমেকিং পোর্টাল-** দেশের প্রথম বিদেশি বিনিয়োগকারীদের সংযোগ স্থাপনের লক্ষ্যে চালুকৃত পোর্টাল।
- **সশস্ত্র প্রতিরোধ-** ভাস্কর কুয়াশা বিন্দুর নির্মিত প্রথম সশস্ত্র প্রতিরোধ আন্দোলনের স্মরণে নির্মিত ভাস্কর্য।
- **Team Bangladesh-** ৫৪তম মহান বিজয় দিবস উপলক্ষে প্যারাস্যুটিং প্রদর্শনীতে ৫৪ জন প্যারাট্রুপারের দল।
- **অপারেশন ডেভিল হান্ট ফেজ ২-** ১৩ ডিসেম্বর, ২০২৫ অবৈধ অস্ত্র উদ্ধার, আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও ফ্যাসিস্টদের দমনে দেশজুড়ে যৌথ বাহিনীর বিশেষ অভিযান।
- **NEIR-** অবৈধ ও নকল হ্যান্ডসেটের ব্যবহার রোধে চালু হতে যাওয়া ব্যবস্থা। এর পূর্ণরূপ National Equipment Identity Register.
- **ইউরোফাইটার টাইফুন-** সম্প্রতি ইতালির এই নামের অত্যাধুনিক যুদ্ধবিমান ক্রয়ে চুক্তি সাক্ষর করে বাংলাদেশ।
- **Dutch Disease-** এটি এমন একটি অর্থনৈতিক অবস্থা যেখানে কোনো দেশের প্রাকৃতিক সম্পদ (তেল, গ্যাস, কয়লা ইত্যাদি) আবিষ্কার বা রপ্তানি বৃদ্ধি পেলে অন্য শিল্পখাত ক্ষতিগ্রস্থ হয়।
- **Little Red Book-** মাও সে-তুং রচিত একটি বিখ্যাত বই।
- **নমনীয় বাস্তববাদ-** নতুন মার্কিন প্রতিরক্ষা কৌশলে ডোনাল্ড ট্রাম্পের দৃষ্টিভঙ্গির নাম।
- **জাঙ্গেজুর করিডোর-** প্রস্তাবিত করিডোরটি আর্মেনিয়ায় অবস্থিত।
- **হেরমিট কিংডম-** আধুনিক বিশ্বে উত্তর কোরিয়া এই নামে পরিচিত।
- **হেগলিগ-** সুদানের সবচেয়ে বড় তেলক্ষেত্র।
- **বন্ডাই-** অস্ট্রেলিয়ার সিডনিতে অবস্থিত একটি সমুদ্রসৈকত।
- **প্রলয়-** ভারতের তৈরি ক্ষেপণাস্ত্র।
- **লুকাসাইট-** নতুন একটি খনিজ পদার্থ।
- **বাটারফ্লাই স্ট্রোক-** সাঁতার খেলার সাথে সম্পর্কিত শব্দ।
- **Alliance of Sahel States-** মালি, বুরকিনা ফাসো ও নাইজারের জোট।
- **Manus-** মেটার ক্রয়কৃত চীনা কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক (AI) স্টার্টআপ।
- সাউদার্ন ট্রানজিশনাল কাউন্সিল (STC) হলো- ইয়েমেনের বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠী।
- **হ্যানিবাল ডিরেক্টিভ-** নিজ দেশের নাগরিককে বন্দী হওয়া ঠেকাতে তাঁদেরসহ শত্রুকে মেরে ফেলা।
- **Chasing Homer-** নোবেল পুরস্কার বিজয়ী লাসলো ক্রাসনাহোরকাই এর একটি বই।
- **নাইট ওয়াচ-** ডেনমার্ক সরকার কর্তৃক ডোনাল্ড ট্রাম্পকে সার্বক্ষণিক পর্যবেক্ষণে রাখতে চালুকৃত বিশেষ দল।
- **Operation Hawkeye Strike-** ১৯ ডিসেম্বর, ২০২৫ যুক্তরাষ্ট্র ও সিরিয়া দুই দেশের যৌথ বাহিনীর উদ্যোগে ইসলামিক স্টেট (আইএস) জঙ্গিগোষ্ঠী দমনে সিরিয়ায় পরিচালিত অভিযান।
- **X870E AERO X3D WOOD-** গিগাবাইটের তৈরি বিশ্বের প্রথম কাঠের নকশায় তৈরি মাদারবোর্ড (তাইওয়ান)।
- **My Afro Origins-** আফ্রিকান বংশোদ্ভূতদের জাতীয়তা স্বীকৃতি দেওয়ার জন্য বেনিন কর্তৃক চালুকৃত অনলাইন প্ল্যাটফর্ম।

> ➤ পানগাঁও অভ্যন্তরীণ কনটেইনার টার্মিনাল বুড়িগঙ্গা নদীর তীরে
> ➤ লালদিয়া কনটেইনার টার্মিনাল কর্ণফুলী নদীর মোহনায় অবস্থিত

**BUP, বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, বিসিএস, মেডিকেল, ব্যাংক পরীক্ষা এবং বিভিন্ন চাকুরিসহ যে কোন প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য জোবায়ের'স সিরিজের**

**"Zubair's GK (English Version)"**




**Zubair's GK**
**(English Version)**

**বইটি সারাদেশে পাওয়া যাচ্ছে....**

**জোবায়ের'স সিরিজের সকল বই ঘরে বসে সহজে পেতে অর্ডার করুন-**

**rokomari.com-এ**

**অথবা**

01519-521971
(Whatsapp)

**ভর্তি চলছে**

**গুচ্ছের এক্সাম ব্যাচ**

**কোর্স ফি ৯৯/-**

**কোর্সে ভর্তি হতে ভিজিট করুন-**

- গুচ্ছ প্রশ্নের আলোকে মডেল টেস্ট- ২০টি।
- এক্সাম ব্যাচ শুরু হবে- ১ ফেব্রুয়ারি, ২০২৬ থেকে।

zubairseducation.com
অথবা
01516-555649
(Whatsapp Message Only)
Scan Me!

CC XUBAER AHMAD
Job Hunter

# এক নজরে আলোচিত সাম্প্রতিক (বাংলাদেশ)


বাংলাদেশ-ভারত কুড়িগ্রামের সীমান্তে হত্যাকাণ্ডের স্বীকার হওয়া ফেলানী খাতুন।

- 'ফেলানী অ্যাভিনিউ' সড়কের অবস্থান- গুলশান ২ থেকে প্রগতি সরণি পর্যন্ত।
- দেশের দিকে ধেয়ে আসা নতুন শৈত্যপ্রবাহের নাম- কনকন।
- দেশের বর্তমান ভারপ্রাপ্ত অ্যাটর্নি জেনারেল- মোহাম্মদ আরশাদুর রউফ।
- বর্তমানে সঞ্চয় কর্মসূচির মুনাফার হার- ৮.৭৪।
- ৩০তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা উদ্বোধন হয়- ৩ জানুয়ারি, ২০২৬।
- নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তরের নতুন নাম- নাবিক কল্যাণ পরিদপ্তর।
- দেশের একমাত্র জ্বালানি তেল পরিশোধনাগার- ইস্টার্ন রিফাইনারী লিমিটেড।
- বাংলা একাডেমি ফেলোশিপ, ২০২৫ প্রদান করা হয়- ৭ জন বিশিষ্ট ব্যক্তিকে।
- সম্প্রতি, নিরাপদ পানিকে 'মৌলিক অধিকার' ঘোষণা করেছে- হাইকোর্ট।
- বাংলাদেশের প্রক্রিয়াজাত কৃষিপণ্য সবচেয়ে বেশি রপ্তানি হয়- সংযুক্ত আরব আমিরাতে।
- ২০২৬ সালে বিবিসি আয়োজিত নতুন টি-টোয়েন্টি লিগের নাম- সোনার বাংলা পাথওয়ে টি২০ ক্রিকেট লিগ ২০২৬।
- ফ্যাসিবাদবিরোধী জুলাই আন্দোলনের স্মৃতিকে ধারণ করে 'মুক্তি তোরণ' ও 'স্বাধীনতা তোরণ' নির্মিত হয়- আগারগাঁও (যথাক্রমে- বিচারপতি সৈয়দ মাহবুব মোরশেদ সড়ক ও প্রগতি সরণিতে)।
- ২০২৫ সালে জাতিসংঘের বহুমাত্রিক ভঙ্গুরতা সূচক বা Multidimensional Vulnerability Index (MVI)-এর স্বতন্ত্র বিশেষজ্ঞ প্যানেলের সদস্য নির্বাচিত হন- ফাহমিদা খাতুন।
- ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্য সংক্রান্ত আন্তঃরাষ্ট্রীয় পর্ষদের সদস্য হিসেবে নির্বাচনে জয়লাভ করে- বাংলাদেশ (২০২৫-২৯ মেয়াদে)।
- যুক্তরাজ্যের পাবলিক বিশ্ববিদ্যালয়ে প্রথম বাংলাদেশি হিসেবে উপাচার্যের দায়িত্ব পান- অধ্যাপক ওসামা খান (যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব সাউথ ওয়েলসের উপাচার্য হিসেবে নিয়োগ পান)।
- দেশের প্রধান শেয়ারবাজার ঢাকা স্টক এক্সচেঞ্জের (DSE) প্রথম নারী ব্যবস্থাপনা পরিচালক- নুজহাত আনোয়ার।
- বাংলাদেশের যে দল প্রথমবারের মতো সেন্ট্রাল এশিয়া ভলিবল অ্যাসোসিয়েশন (CAVA) আয়োজিত 'কাভা কাপ ফর উইমেন-২০২৫' এ অংশগ্রহণ করছে- বাংলাদেশ জাতীয় নারী ভলিবল দল।
- অ্যাশেজ সিরিজে প্রথমবারের মতো দায়িত্ব পালন করেন এলিট প্যানেলের বাংলাদেশি যে আম্পায়ার- শরফুদ্দৌলা ইবনে শহীদ সৈকত।



এলিট প্যানেলের বাংলাদেশি আম্পায়ার শরফুদ্দৌলা ইবনে শহীদ সৈকত।

- 'নারিকা-১' হলো- খরা সহিষ্ণু ধান।
- বাংলাদেশে তুলা সরবরাহে শীর্ষ দেশ- ব্রাজিল।
- দেশে প্রথমবারের মতো টেকসই প্রতিবেদন প্রকাশ করেছে- এনআরবিসি ব্যাংক।
- বাংলাদেশের প্রথম অর্গানিক চা বাগান স্থাপিত হয়- তেঁতুলিয়া (পঞ্চগড়)।
- দেশের প্রথম মুদ্রণশিল্প নগরী প্রকল্প স্থাপিত হচ্ছে- সিরাজদিখান, মুন্সিগঞ্জ।
- নতুন ৫০০ টাকার নোটে নিরাপত্তা বৈশিষ্ট্য সংযোজন করা হয়েছে- ১০ ধরনের।
- বাংলাদেশের 'পেটেন্ট আইন ২০২৩' কার্যকর হয়- ২৭ ফেব্রুয়ারি, ২০২৫।
- 'কুড়িগ্রাম- গেলেফু করিডোর' বাংলাদেশের সাথে যে দেশকে যুক্ত করবে- ভুটান।
- ২০২৫ সালে চট্টগ্রাম বন্দর ব্যবহার করে যে দেশের ট্রানজিট পণ্যের প্রথম পরীক্ষামূলক চালান খালাস হয়- ভুটান।
- বাংলাদেশের প্রথম স্বয়ংক্রিয় (অটোমেটেড) জ্বালানি বিপণন ডিপোর কার্যক্রম শুরু হয়েছে- বরুড়া, কুমিল্লা।
- বাঙালি শিক্ষাবিদ ও নাট্যকার মুনীর চৌধুরীর জন্ম শতবার্ষিকী পালিত হয়- ২৭ নভেম্বর, ২০২৫।
- যে আন্তর্জাতিক চুক্তি বাংলাদেশকে জলবায়ু অভিযোজন সংক্রান্ত তহবিল পেতে সাহায্য করে- প্যারিস এগ্রিমেন্ট।
- বাংলাদেশ ও ভুটানের মধ্যে Agreement on the Movement of Traffic-in-Transit and Protocol স্বাক্ষরিত হয়- ২২ মার্চ, ২০২৩।
- টাইমস অব ইন্ডিয়া'র তথ্যানুযায়ী বাঘের বসবাসে বাংলাদেশের অবস্থান বিশ্বে ৮ম (১৪৬টি); সর্বোচ্চ- ভারতে।
- সম্প্রতি যে ব্যাংক ডিজিটালাইজেশনের অংশ হিসেবে ইলেকট্রনিক নথি (ই-নথি) পদ্ধতি চালু করেছে- বাংলাদেশ ব্যাংক।


- ফ্রাঙ্কো-জার্মান মানবাধিকার পুরস্কার ২০২৫ লাভ করেন যে বাংলাদেশি- সুমাইয়া ইসলাম।
- সম্প্রতি বাংলাদেশ যে দেশের সাথে 'মানি লন্ডারিং বেঞ্চ বুক' চালু করে- যুক্তরাষ্ট্র।
- চ্যালেঞ্জার কাপ অনূর্ধ্ব-২১ চ্যাম্পিয়ন দেশ- বাংলাদেশ।
- চতুর্দশ পুরুষ হকি জুনিয়র বিশ্বকাপে সর্বোচ্চ গোলদাতা- আমিরুল ইসলাম (বাংলাদেশ)।
- বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের (BKSP) থিম সং- এসো স্বদেশের পতাকা উড়াই।
- বিশ্বব্যাংক প্রকাশিত প্রতিবেদন অনুযায়ী ২০২৫ সালে বাংলাদেশের দারিদ্র্য প্রক্ষেপণ- ২১.২%।
- ট্রাভেল অ্যান্ড ট্যুরিজম ডেভেলপমেন্ট ইনডেক্স ২০২৪ অনুযায়ী বাংলাদেশের অবস্থান- ১১২তম।
- IOM-এর তথ্যমতে, দেশের যে বিভাগে প্রাকৃতিক কারণে বাস্তুচ্যুত মানুষের সংখ্যা বেশি- চট্টগ্রাম।
- ১২তম বাংলাদেশ-যুক্তরাষ্ট্র দ্বিপাক্ষিক প্রতিরক্ষা সংলাপ অনুষ্ঠিত হয়- ১০-১১ ডিসেম্বর, ২০২৫ (ঢাকায়)।
- বাংলাদেশ-নেদারল্যান্ডস নৌ প্রতিরক্ষা সহযোগিতায় সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়- ১১ ডিসেম্বর, ২০২৫।
- বাংলাদেশ ব্যাংকের প্রতিবেদন অনুযায়ী, বর্তমানে দেশের খেলাপি ঋণের হার- ৩৫.৭৩% (বর্তমানে বিশ্বের সর্বোচ্চ খেলাপি ঋণের হার বাংলাদেশে)।
- মানবাধিকার রক্ষায় বিশেষ অবদানের জন্য নেদারল্যান্ডসের 'হিউম্যান রাইটস টিউলিপ পুরস্কার-২০২৫' এর জন্য মনোনীত হন- সানজিদা ইসলাম (মায়ের ডাক'র প্রতিষ্ঠাতা)।
- সম্প্রতি বাংলাদেশ যে দেশের সাথে ভিসা অব্যহতি চুক্তি স্বাক্ষর করে- মঙ্গোলিয়া।
- বাংলাদেশ এ পর্যন্ত ভিসা অব্যহতি চুক্তি স্বাক্ষর করেছে- ৩৪ দেশের সাথে।
- মাছ উৎপাদনে শীর্ষ জেলা- ময়মনসিংহ।
- বাংলাদেশের মোট মিশন অফিস রয়েছে- ৮৪টি।
- দেশের পেঁয়াজের রাজধানী বলা হয়- গজনার বিল (সুজানগর, পাবনা)।
- বিবিএস এর তথ্যানুযায়ী, দেশের সামগ্রিক মুল্যস্ফীতি- ৮.২৯%।
- মিঠা পানির মাছ উৎপাদনে বিশ্বে বাংলাদেশের অবস্থান- দ্বিতীয়।
- জাতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চল অবস্থিত- মীরসরাই, চট্টগ্রাম।



মায়ের ডাকের প্রতিষ্ঠাতা সানজিদা ইসলাম

- সম্প্রতি অন্তর্বর্তী সরকার যে দুটি দেশে বাংলাদেশের নতুন দুটি দূতাবাস খোলার প্রস্তাব অনুমোদন করেছে- আয়ারল্যান্ড ও আর্জেন্টিনা।
- যুক্তরাষ্ট্রের ইতিহাসে প্রথম বাংলাদেশি বংশোদ্ভূত বিচারপতি হিসেবে নির্বাচিত হয়েছেন- সোমা এস সাঈদ।

জোবায়ের'স সিরিজের সাধারণ জ্ঞানের শর্ট সাজেশন "ALL IN ONE"




জোবায়ের'স সিরিজের সকল বই ঘরে বসে সহজে পেতে অর্ডার করুন-

rokomari.com-এ

অথবা

01519-521971 (Whatsapp)

Job Hunter

CC XUBAER AHMAD

## এক নজরে আলোচিত সাম্প্রতিক (আন্তর্জাতিক)

- ফিফার ইতিহাসে প্রথম শান্তি পুরস্কার (FIFA Peace Prize) পান- ডোনাল্ড ট্রাম্প।
- টাইমস সাময়িকী'র বর্ষসেরা ২০২৫ ব্যক্তিত্ব- এআইয়ের স্থপতিরা।
- বিশ্বে জ্বালানি তেলের শীর্ষ ব্যবহারকারী দেশ- চীন।
- বিশ্বে আফিম উৎপাদনে শীর্ষ দেশ- মিয়ানমার।
- সম্প্রতি জাতীয় পারমাণবিক নেটওয়ার্ক চালু করে- ইরান।
- ২০২৫ সালের ফিফা অনূর্ধ্ব-১৭ বিশ্বকাপে চ্যাম্পিয়ন দেশ- পর্তুগাল।
- প্রথম নারী ফুটসাল বিশ্বকাপের চ্যাম্পিয়ন দেশ- ব্রাজিল।
- ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্য তালিকাভুক্ত 'হিরকানিয়ান বন' অবস্থিত- ইরান।
- লোম্বক প্রণালি অবস্থিত- ইন্দোনেশিয়ায় (বিভক্ত করেছে- বালি ও লোম্বক দ্বীপকে)



টাইমস বর্ষসেরা ব্যক্তিত্ব এআইয়ের স্থপতিরা

- ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র 'সেন্টার ফর ইসলামিক সিভিলাইজেশন (CISC)' অবস্থিত- তাসখন্দ, উজবেকিস্তান।
- বিশ্বের প্রথম দেশ হিসেবে প্রথম প্রজন্মভিত্তিক ধূমপান নিষেধাজ্ঞা কার্যকর হয়েছে- মালদ্বীপ (২০০৭ সালে বা তার পরে জন্ম নেওয়া কোনো ব্যক্তি আর মালদ্বীপে তামাকজাত পণ্য ক্রয়, বিক্রয় বা ব্যবহার করতে পারবে না।)।
- বিশ্বের সবচেয়ে প্রভাবশালী মুসলিম- কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল-থানি।
- পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদের রেজিনগরে নতুন বাবরি মসজিদের ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়- ৬ ডিসেম্বর, ২০২৫।
- সম্প্রতি (৩০ ডিসেম্বর, ২০২৫) ইউরোপের যে দেশ ৪০০ বছরের পুরানো ডাকবিভাগ বন্ধ করে- ডেনমার্ক।
- আয়তনের দিক থেকে বিশ্বের বৃহত্তম মুক্ত বাণিজ্য অঞ্চল চীন চালু করেছে- চীনের সর্বদক্ষিণের প্রদেশ হাইনান বন্দরে।
- চীন-আসিয়ান (AI)'র প্রথম স্টেশন চীনের যে শহরে তৈরি হচ্ছে- নাননিং শহর, গুয়াংজি ঝুয়াং, চীন।
- বিশ্বের বৃহত্তম পরমাণু বিদ্যুৎ কেন্দ্র- কাশিওয়াজাকি-কারিওয়া পরমাণুবিদ্যুৎ কেন্দ্র, জাপান।
- আন্তর্জাতিক নবায়নযোগ্য শক্তি সংস্থার (IRENA) বর্তমান সদস্য- ১৭১টি (তানজানিয়া)।
- জনসংখ্যায় বিশ্বের ১০টি মেগাসিটির এশিয়ায় অবস্থিত- ৯টি।
- ২০২৬ সালের মার্কিন মধ্যবর্তী নির্বাচন অনুষ্ঠিত হবে- ৩ নভেম্বর।
- বিশ্বে প্রথম এইডস শনাক্ত হয়- ১৯৮১ সালে (বাংলাদেশে- ১৯৮৯)।
- পাকিস্তানের প্রতিরক্ষা বাহিনীর প্রথম প্রধান- আসিম মুনির।
- চিলির ৩৮তম প্রেসিডেন্ট- হোসে অ্যান্তোনিও কাস্ত।
- লেবাননের বর্তমান প্রধানমন্ত্রী- নাওয়াফ সালাম।
- রুয়ান্ডার বর্তমান প্রেসিডেন্ট- পল কাগামে।



'অক্সফোর্ড ইউনিয়নের' বর্তমান সভাপতি আরওয়া হানিন এলরায়েস।

- গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্রের বর্তমান প্রেসিডেন্ট- ফেলিক্স শিসেকেদি।
- সম্প্রতি যে দেশটির সরকার সীমান্ত সংঘাতের কারণে পার্লামেন্ট ভেঙে দিয়েছে- থাইল্যান্ড।
- আসিয়ান প্রযুক্তি সহযোগিতা সম্মেলন অনুষ্ঠিত হয়- ২৮-৩০ নভেম্বর, ২০২৫ (কুয়ালালামপুর, মালয়েশিয়া)।
- গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্র ও রুয়ান্ডার মধ্যে আনুষ্ঠানিক শান্তিচুক্তি স্বাক্ষরিত হয়- ৪ ডিসেম্বর, ২০২৫ (ওয়াশিংটন, যুক্তরাষ্ট্র)।
- সম্প্রতি (২৬ নভেম্বর, ২০২৫) পূর্ব আফ্রিকার যে দেশটিতে সেনা অভ্যুত্থানে প্রেসিডেন্ট পদচ্যুত হয়- গিনি বিসাউ।
- ছাত্র বিতর্ক সমিতি 'অক্সফোর্ড ইউনিয়নের' বর্তমান সভাপতি- আরওয়া হানিন এলরায়েস (প্রথম ফিলিস্তিনি ও আরব নারী)।
- ২০২৫ সালে মানবাধিকার দিবসের প্রতিপাদ্য- 'মানবাধিকার: আমাদের প্রতিদিনের জন্য অপরিহার্য'।
- জলবায়ু পরিবর্তনের কারণে ২০৩০ সালের মধ্যে বিশ্বের সবচেয়ে ঝুঁকিপূর্ণ অঞ্চলে পরিণত হবে- দক্ষিণ এশিয়া।
- জাতিসংঘের সাধারণ পরিষদে 'United Nations Convention against Cybercrime (UNCC)' গৃহীত হয়- ২০২৪ সালে।
- পশ্চিম আফ্রিকান রাষ্ট্রগুলোর জোট 'ECOWAS' যে চুক্তির মাধ্যমে গঠিত হয়- লাগোস চুক্তি (নাইজেরিয়ার লাগোসে স্বাক্ষরিত হয়েছিল)।
- সামরিক অভ্যুত্থানের পর মিয়ানমারে প্রথম সাধারণ নির্বাচন শুরু হয়- ২৮ ডিসেম্বর, ২০২৫।

- ইউরোপীয় ইউনিয়নের প্রতিরক্ষা সরঞ্জাম ক্রয়সংক্রান্ত উদ্যোগ- Security Action for Europe (SAFE) (২০ মে, ২০২৫ উদ্যোগ গ্রহণ করা হয়)।
- বিশ্বের প্রথম লেজার সুরক্ষা ব্যবস্থা 'আয়রন বিম' চালু করেছে- ইসরায়েল।
- রাশিয়া যে দেশে পারমাণবিক ক্ষেপণাস্ত্র 'ওরেশনিক' মোতায়েন করেছে- বেলারুশ।
- আকাশ প্রতিরক্ষা ব্যবস্থায় শীর্ষ দেশ- রাশিয়া।
- বাজার মূলধনে বিশ্বের শীর্ষ তেল কোম্পানি- সৌদি আরামকো।
- G-20 এর বর্তমান চেয়ারম্যান দেশ- যুক্তরাষ্ট্র।
- BRICS এর বর্তমান প্রেসিডেন্ট দেশ- ভারত।
- পৃথিবীর প্রাচীনতম নদী- ফিঙ্ক (অস্ট্রেলিয়া)।
- সম্প্রতি যে দেশটির পার্লামেন্টে নারী হত্যার বিরুদ্ধে স্বতন্ত্র বিল পাস হয়- ইতালি।
- ইউরোপের যে দুটি দেশ 'স্বেচ্ছাসেবী সেনাবাহিনী' গঠন করবে- ফ্রান্স ও জার্মানি।
- দ্রুতগতির স্যাটেলাইট অ্যানটেনা 'লিও আলট্রা'র নির্মাতা প্রতিষ্ঠান- অ্যামাজন।
- কুনেইত্রা অঞ্চল অবস্থিত- ইসরায়েল অধিকৃত গোলান মালভূমি (সিরিয়া)।
- সম্প্রতি দাবায় ব্লিৎজ বিশ্বচ্যাম্পিয়ন হন- গ্রান্ডমাস্টার ম্যাগনাস কার্লসেন (নরওয়ে)।
- জাতিসংঘের প্রথম গ্লোবাল পিস অ্যাডভোকেট- কবি মরিয়ম বুকার হাসান (নাইজেরিয়া)।
- টি-টোয়েন্টি ক্রিকেট এক পঞ্জিকাবর্ষে সর্বোচ্চ উইকেট লাভ করেন- জেসন হোল্ডার (ওয়েস্ট ইন্ডিজ)।
- ৫ ডিসেম্বর, ২০২৫ কানাডা যে দেশকে সন্ত্রাসবাদী দেশের তালিকা থেকে বাদ দেয়- সিরিয়া।
- ২১ ডিসেম্বর, ২০২৫ দুবাইয়ে অনুষ্ঠিত অনূর্ধ্ব-১৯ এশিয়া কাপের ফাইনালে চ্যাম্পিয়ন হয়- পাকিস্তান।
- জনসংখ্যার দিক দিয়ে পৃথিবীর ক্ষুদ্রতম দেশ হিসেবে ফুটবল বিশ্বকাপে খেলার যোগ্যতা অর্জন করে- কুরাসাও (দক্ষিণ আমেরিকা মহাদেশের ক্যারিবিয়ান অঞ্চলের দ্বীপ দেশ)।
- আকাশ থেকে আকাশে যুদ্ধের সক্ষমতা অর্জনকারী বিশ্বে প্রথম ও একমাত্র মনুষ্যবিহীন আকাশযান- বায়রাকতার কিজিলেলমা (তুরস্ক নির্মিত)।



জাতিসংঘের প্রথম গ্লোবাল পিস অ্যাডভোকেট নাইজেরিয়ার কবি মরিয়ম বুকার হাসান

## ঢাকা বিশ্ববিদ্যালয় খ ইউনিট ভর্তি পরীক্ষায় আসা কিছু ব্যতিক্রম প্রশ্ন

- ১৯৭১ সালে প্রণীত স্বাধীনতার ঘোষণাপত্রে যে বিষয়গুলোকে বাংলাদেশের জনগণের জন্য নিশ্চিত করার কথা বলা হয়েছে- সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক ন্যায়বিচার।
- বাংলাদেশের সঙ্গে BRICS-এর বর্তমান সম্পর্ক- BRICS-এর সংযুক্ত অর্থনৈতিক সহযোগী দেশ।
- ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধ চলাকালে সর্বপ্রথম সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনী আনুষ্ঠানিকভাবে মিলিত হয়ে যৌথ অভিযান শুরু করে- ২১ নভেম্বর, ১৯৭১।
- খানা আয় ও ব্যয় জরিপ ২০২২ অনুযায়ী যে বিভাগের দরিদ্র জনসংখ্যার হার সর্বোচ্চ- বরিশাল।
- বাংলাদেশে বর্তমানে যত ধরনের স্থানীয় সরকার প্রতিষ্ঠান আছে- ৫।
- যে দেশে সর্বাধিক সংখ্যক প্রবাসী বাংলাদেশি অবস্থান করছেন- সৌদি আরব।
- ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সময় ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা যে সেক্টরের অধীনে ছিল- সেক্টর ২।
- HDI (Human Development Index) একটি দেশের মূলত পরিমাপ করে- দেশের শিক্ষা, স্বাস্থ্য (আয়ু) এবং আয়
- দারফুর অঞ্চলটি সুপরিচিত- দীর্ঘমেয়াদি সংঘাত ও মানবিক সংকটের কারণে।
- এএফসি নারী এশিয়া কাপ ২০২৬-এর যোগ্যতা পর্বে বাংলাদেশের জায়গা নিশ্চিত করতে ২০২৫ সালে বাংলাদেশ যে দেশকে পরাজিত করেছে- মিয়ানমার।
- সম্প্রতি যে দেশটি প্যারিস চুক্তি থেকে সরে এসেছে- যুক্তরাষ্ট্র।
- একটি ছক্কা নিক্ষেপ করলে বিজোড় সংখ্যা আসার সম্ভাবনা- ১/৩।
- দীর্ঘমেয়াদি অবকাঠামো অর্থায়নের ক্ষেত্রে বাংলাদেশের সবচেয়ে বড় উন্নয়ন সহযোগী যে দেশ- জাপান।
- মেশিন লার্নিং এর উপশাখা- কৃত্রিম বুদ্ধিমত্তা।
- বাংলাদেশে হওয়া সর্বাধিক শক্তিশালী ভূমিকম্প হিসেবে বিবেচিত হয়- 1997 Chattogram Earthquake.
- বিচার বিভাগের স্বাধীনতা কার্যকরভাবে বাস্তবায়নের জন্য একটি স্বাধীন সচিবালয় প্রতিষ্ঠা করা হয়- ৩০ নভেম্বর, ২০২৫।

## সাম্প্রতিক প্রশ্ন: রাজশাহী বিশ্ববিদ্যালয় ২০২৪-২০২৫

CC XUBAER AHMAD

### A ইউনিট-গ্রুপ-১

০১. বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার গঠিত হয়- ৮ আগস্ট, ২০২৪।
০২. বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার যতটি সংস্কার কমিশন গঠন করেছে- ১১টি।
০৩. শহীদ আবু সাঈদ-কে নিয়ে অঙ্কিত শিল্পকর্ম 'উন্নত মম শির'-এর শিল্পী- শহীদ কবির।
০৪. যে সময়কালকে Generation-Z (Gen-Z)-এর ব্যাপ্তি ধরা হয়- ১৯৯৭-২০১২।
০৫. বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গা শরণার্থীদের জন্য সর্বোচ্চ সাহায্য এসেছে যে দেশ থেকে- যুক্তরাষ্ট্র।
০৬. বিশ্বের প্রথম AI শিশুর নাম- টং টং।
০৭. ২০২৪ সালে সাহিত্যে নোবেল বিজয়ী- হান কাং।

### A ইউনিট-গ্রুপ-২

০১. শহীদ আবু সাঈদ যে বিভাগের ছাত্র ছিলেন- ইংরেজি।
০২. 'জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন' গঠিত হয়- ১০ সেপ্টেম্বর, ২০২৪।
০৩. 'অপারেশন ডেভিল হান্ট' শুরু হয়েছে- ৮ ফেব্রুয়ারি, ২০২৫।
০৪. জন্ম ও মৃত্যু নিবন্ধনের শর্টকোর্ড- ১৬১৫২।
০৫. যে জেলায় চা-বাগান বেশি- মৌলভীবাজার।
০৬. ২০২৪ সালে গণতন্ত্র সূচকে শীর্ষ দেশ- নরওয়ে।
০৭. ২০২৪ সালে জলবায়ু পরিবর্তন সম্মেলন 'কপ-২৯' অনুষ্ঠিত হয়েছে- বাকুতে।
০৮. 'আইসিসি চ্যাম্পিয়নস ট্রফি-২০২৫' এ যতটি দেশ অংশগ্রহণ করে- ৮টি।

## সাম্প্রতিক প্রশ্ন: চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ২০২৪-২০২৫

### B ইউনিট

০১. জুলাই বিপ্লব, ২০২৪-এ শহীদ হৃদয় চন্দ্র তরুয়া ও ফরহাদ হোসেন যে বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন- চট্টগ্রাম।
০২. ড. মুহাম্মদ ইউনূস অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে দায়িত্ব গ্রহণ করেন- ৮ আগস্ট, ২০২৪।
০৩. সরকারি চাকরির নিয়োগে কোটার নতুন প্রজ্ঞাপন জারি হয়- ২৩ জুলাই, ২০২৪।
০৪. জনশুমারি-২০২২ অনুযায়ী পুরুষ ও নারীর অনুপাত- ৯৮ : ১০০ (প্রকৃতপক্ষে- ৯৮.০৭ : ১০০)।
০৫. বর্তমানে বিশ্বের যতটি দেশে বাংলাদেশের মিশন রয়েছে- ৬০টি।
০৬. ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে সর্বোচ্চ বরাদ্দ খাত- জনপ্রশাসন।
০৭. বাংলাদেশের প্রথম জি.আই.পণ্য- জামদানি।
০৮. বিশ্ব বাণিজ্য সংস্থার (WTO) বর্তমান সদস্য- ১৬৬।
০৯. বিশ্বে প্রথম কাঠ দিয়ে তৈরি স্যাটেলাইটের নাম- LignoSat.
১০. 'ফোর বি' আন্দোলন যার সঙ্গে সম্পর্কিত- নারীবাদী আন্দোলন।
১১. সম্প্রতি সিরিয়ার ক্ষমতা দখলকারী সংগঠনের নাম- এইচ.টি.এস.।

### D ইউনিট

০১. সবচেয়ে বেশি কার্বন নিঃসরণকারী দেশ- চীন।

## সাম্প্রতিক প্রশ্ন: বিইউপি ২০২৪-২০২৫

### FASS

CC XUBAER AHMAD

০১. জুলাই গণভ্যুত্থান স্মৃতি জাদুঘর নির্মিত হয়- গণভবনে।
০২. বিবিএস'র তথ্যানুযায়ী দেশে বর্তমানে মূল্যস্ফীতি- ** (বর্তমানে- ৮.২৯; ৭ ডিসেম্বর, ২০২৫ প্রকাশিত)।
০৩. ২০২৪-২৫ সালে জাতীয় বাজাটের আকার- ৭,৯৭,০০০ কোটি টাকা।
০৪. দেশে নারী ও ৬৫ বছর বা তদূর্ধ্ব বয়সিদের ক্ষেত্রে করমুক্ত আয়সীমা- ৪ লাখ টাকা।
০৫. দেশের যে পণ্যটি ভৌগোলিক নির্দেশক (GI) এর অন্তর্ভুক্ত নয়- রাজভোগ মিষ্টি, পাবনা।
০৬. WEF এর বিশ্ব লিঙ্গবৈষম্য ইনডেক্স ২০২৪ অনুযায়ী, দক্ষিণ এশিয়ায় শীর্ষ দেশ- বাংলাদেশ।
০৭. ৩ অক্টোবর, ২০২৪ বিদ্যুৎ আমদানির লক্ষ্যে বাংলাদেশ যে দুটি দেশের সাথে ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষর করে- ভারত ও নেপাল।
০৮. এলডিসিতে অন্তর্ভুক্ত বর্তমান দেশের সংখ্যা- ৪৪টি।
০৯. মেক্সিকো'র প্রথম নারী প্রধানমন্ত্রী- ক্লডিয়া শেনবাউম।
১০. ২০২৪ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন- হান কাং।
১১. প্যারিস অলিম্পিক ২০২৪-এ সর্বোচ্চ পদকজয়ী দেশ- যুক্তরাষ্ট্র।
১২. যে দেশটি প্রথম অরবিট AI কমার্শিয়াল হাইপার স্যাটেলাইট উৎক্ষেপণ করে- চীন।

### FSSS

০১. ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানে 'মার্চ ফর জাস্টিস' অনুষ্ঠিত হয়- ৩১ জুলাই।
০২. ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানে বিইউপি'র শহিদ শিক্ষার্থী- জোবায়ের ও মাহফুজ।
০৩. ২০২৪ সালের সাফ নারী চ্যাম্পিয়নশীপে বিজয়ী দলের অধিনায়ক- সাবিনা খাতুন।
০৪. বাংলাদেশে Bay of Bengal Industrial Growth Belt (BIG-B) প্রকল্পের উদ্যোগ নেয়- জাপান।
০৫. ২০২৪ সালে কাজানে অনুষ্ঠিত ব্রিকসের ১৬তম সম্মেলনে যে দেশ সদস্য হিসেবে যুক্ত হয়- ইথিওপিয়া ও ইরান।
০৬. গাম্বিয়া যে আদালতে মিয়ানমারের বিরুদ্ধে মামলা করে- International Court of Justice (ICJ)।
০৭. কপ-২৯ সম্মেলনের লক্ষ্য ছিল- বৈশ্বিক তাপমাত্রা ১.৫° এর নিচে নামিয়ে আনা।
০৮. ২০২৪ সালে শান্তিতে নোবেল জয়ী 'নিহন হিদানকায়ো'র অবদান- পরমাণু অস্ত্রমুক্ত বিশ্ব গড়ার প্রচেষ্টার জন্য।
০৯. একাধিক আরব রাষ্ট্র ইসরায়েলকে স্বীকৃতি দেয় যে চুক্তির মাধ্যমে- আব্রাহাম অ্যাকর্ডস।
১০. নভেম্বর, ২০২৪ পর্যন্ত জাতিসংঘের শান্তিরক্ষা মিশনে শান্তিরক্ষী প্রেরণে শীর্ষ দেশ- নেপাল।

## সাম্প্রতিক প্রশ্ন: গুচ্ছ বিশ্ববিদ্যালয় ২০২৪-২০২৫

০১. জুলাই গণঅভ্যুত্থানে শহীদ আবু সাঈদকে নিয়ে অঙ্কিত শিল্পকর্ম- উন্নত মম শির।
০২. Three Zeros তত্ত্বের অন্তর্ভুক্ত নয়- Zero Hunger.
০৩. বাংলাদেশ জাতীয় নারী ফুটবল দল সম্প্রতি যে পদক পেয়েছে- একুশে পদক।
০৪. ইলন মাস্ক এর সাথে সম্পর্কিত নয়- হোয়াটস অ্যাপ।
০৫. ২০২৫ সালে অনুষ্ঠিত বিমসটেক সম্মেলনের প্রতিপাদ্য ছিল- Prosperous, Resillent and Open BIMSTC.
০৬. যে দুইজন বিজ্ঞানী ২০২৪ সালে মেশিন লার্নিং এবং আর্টিফিশিয়াল নিউরাল নেটওয়ার্ক এর ক্ষেত্রে অবদান এর জন্য নোবেল পুরস্কার অর্জন করেন- John J. Hopfield এবং Geoffrey E. Hinton.
০৭. SARS COV-2 এর পূর্ণরূপ- Severe Acurate Respiratory Syndrome Coronavirus-2.
০৮. গাজায় ইসরায়েলি বর্বরতা ও গণহত্যার বিরুদ্ধে আন্তর্জাতিক আদালতে মামলা করেছে- দক্ষিণ আফ্রিকা।

# সাম্প্রতিক মডেল টেস্ট T-20

**01. নিচের কোন কর্মটির সাথে বেগম খালেদা জিয়া জড়িত নন?**
A. জাতিসংঘে গঙ্গার পানি-বণ্টন সমস্যা উত্থাপন করেন
B. যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউসে রোহিঙ্গা শরণার্থী সমস্যা উত্থাপন করেন
C. আর্থ-সামাজিক মুক্তির লক্ষ্যে উনিশ দফা প্রণয়ন
D. ছাত্রীদের বিনা বেতনে অধ্যয়ন ও উপবৃত্তি প্রদান

**02. ইউনেস্কো স্বীকৃত বাংলাদেশের পঞ্চম বিমূর্ত বা অধরা সাংস্কৃতিক ঐতিহ্য কোনটি?**
A. জামদানি বুননশিল্প B. শীতলপাটি বুননশিল্প
C. টাঙ্গাইল শাড়ি বুননশিল্প D. ঢাকার রিকশা ও রিকশাচিত্র

**03. 'অপারেশন হোকিয়ে' কোন দু'টি দেশের যৌথ উদ্যোগে পরিচালিত হয়?**
A. যুক্তরাষ্ট্র ও ইসরায়েল B. ইরান ও রাশিয়া
C. সিরিয়া ও যুক্তরাষ্ট্র D. সৌদি আরব ও ইয়েমেন

**04. ভারতীয় আধিপত্যবাদবিরোধী নেতা শহিদ শরিফ ওসমান বিন হাদি যে ছদ্মনামে কাব্যগ্রন্থ প্রকাশ করেছিলেন-**
A. সীমান্ত ঈগল B. মুসাফির ওসমান
C. সত্যব্রত মুন্সি D. সীমান্ত শরিফ

**05. নিচের কোন অঞ্চলটি স্বাধীনতাকামী নয়?**
A. বাংসামারো B. খোরাসান
C. বান্দা আচেহ D. সোমালিল্যান্ড

**06. বাংলাদেশ উন্মুক্ত সমুদ্র চুক্তিতে (High Seas Treaty) স্বাক্ষর করে-**
A. ২০ সেপ্টেম্বর, ২০২৩ B. ২৬ সেপ্টেম্বর, ২০২৪
C. ১৯ সেপ্টেম্বর, ২০২৫ D. ১ জানুয়ারি, ২০২৬

**07. G7'র বর্তমান চেয়ারম্যান-**
A. মার্ক কার্নি B. ইমানুয়েল ম্যাক্রোঁ
C. সানায়ে তাকাইচি D. খালেদ এল এনানি

**08. জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (FAO) এর নভেম্বরে প্রকাশিত ফুড আউটলুক-২০২৫ অনুযায়ী, ধান উৎপাদনে বাংলাদেশ বিশ্বে-**
A. প্রথম B. দ্বিতীয়
C. তৃতীয় D. পঞ্চম

**09. বিরোধপূর্ণ 'আবেই' অঞ্চলটি যে দু'টি দেশের মধ্যে অবস্থিত-**
A. সুদান ও দক্ষিণ সুদান B. সুদান ও ইরিত্রিয়া
C. সুদান ও চাঁদ D. সুদান ও ইথিওপিয়া

**10. ইউক্রেনের কোন চার অঞ্চল রাশিয়া নিজ মানচিত্রে অন্তর্ভুক্ত করে?**
A. কিয়েভ, দোনেৎস্ক, জাপোরিঝঝিয়া ও খেরসন
B. কিয়েভ, মারিওপোল, জাপোরিঝঝিয়া ও খেরসন
C. লুহানস্ক, দোনেৎস্ক, জাপোরিঝঝিয়া ও খেরসন
D. লুহানস্ক, কালিনিনগ্রাদ, ওডেসা ও খেরসন

**11. বাজারে প্রচলিত একমাত্র ডেঙ্গু টিকা কোনটি?**
A. Riamet Baby B. TAK-003
C. Dengu-001 D. RM-20

**12. 'বেগম রোকেয়া পদক-২০২৫' এ মানবাধিকার ক্যাটাগরিতে পুরস্কার লাভ করেন-**
A. নাবিলা ইদ্রিস B. কল্পনা আক্তার
C. রুভানা রাকিব D. নুজহাত আনোয়ার

**13. দেশের প্রথম মুদ্রণ শিল্পনগরী প্রকল্প স্থাপিত হচ্ছে-**
A. কালিয়াকৈর, গাজীপুর B. হিলি, দিনাজপুর
C. রহিতপুর, মানিকগঞ্জ D. সিরাজদিখান, মুন্সিগঞ্জ

**14. বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে 'মাদার অব ডেমোক্রেসি' সম্মাননা প্রদান করে-**
A. কানাডিয়ান হিউম্যান রাইটস ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন
B. যুক্তরাষ্ট্রের নিউ জার্সি সিনেট কর্তৃক
C. অফিস অব দ্য ইউনাইটেড নেশনস হাই কমিশনার ফর হিউম্যান রাইটস
D. ইউনাইটেড নেশনস হাই কমিশনার ফর রিফিউজিস

**15. বিশ্বের প্রথম দেশ হিসেবে প্রথম প্রজন্মভিত্তিক ধূমপান নিষেধাজ্ঞা কার্যকর করেছে কোন দেশ?**
A. ভুটান B. মালদ্বীপ
C. আইসল্যান্ড D. নিউজিল্যান্ড

**16. মুক্তিবাহিনীর উপপ্রধান এ কে খন্দকার কর্তৃক রচিত গ্রন্থ কোনটি?**
A. মূলধারা একাত্তর B. ছাপান্ন হাজার বর্গমাইল
C. ১৯৭১: ভেতরে বাইরে D. ১৯৭১

**17. টাইমস সাময়িকী'র বর্ষসেরা ২০২৫ ব্যক্তিত্ব-**
A. ডোনাল্ড ট্রাম্প B. লিওনেল মেসি
C. এআইয়ের স্থপতিরা D. জুলিয়ান অ্যাসাঞ্জ

**18. ১২ ফেব্রুয়ারি, ২০২৬ আসন্ন গণভোটের ব্যালটের রং হবে-**
A. নীল B. গোলাপি
C. সাদা কালো D. হলুদ

**19. পশ্চিমা কোয়াড নামে পরিচিত কৌশলগত অংশীদারিত্ব গোষ্ঠী I2U2 এর সদস্য দেশ নয় কোনটি?**
A. ভারত B. ইউক্রেন
C. সংযুক্ত আরব আমিরাত D. ইসরায়েল

**20. দ্রুতগতির স্যাটেলাইট অ্যানটেনা 'লিও আলট্রা'র নির্মাতা প্রতিষ্ঠান-**
A. অ্যামাজন B. ওপেন এআই
C. স্পেস-এক্স D. আলিবাবা

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | C | 02 | D | 03 | C | 04 | D | 05 | B | 06 | A | 07 | B | 08 | C | 09 | A | 10 | C |
| 11 | B | 12 | A | 13 | D | 14 | A | 15 | B | 16 | C | 17 | C | 18 | B | 19 | B | 20 | A |

Job Hunter

# ভেতরের সত্ত্বাটাকেও একটু গুরুত্ব দাও

-তা বাবা তুমি কোথায় পড়াশুনা করছো?
প্রত্যাশিত উত্তর- ঢাবি, জাবি বুয়েট অথবা মেডিকেলে।
-কী পড়ছো?
প্রত্যাশিত উত্তর- সি এস ই, ফার্মেসি, ইকোনমিক্স অথবা ল'তে
কিন্তু এই উত্তরের পেছনে কত যে জীবনানন্দ মরে যায়, কত রবি শংকরের সুর থেমে যায়, কত ক্ষুদিরামের চেতনা ভোতা হয়ে যায়, কত ওয়ার্ডসওয়ার্থ এর মেঘ হয়ে আকাশে ভেসে বেড়ানো হয় না সে খবর আমরা রাখি না।
'কী পড়ছো বাবা?' উত্তরটা যদি এমন হয়- এইতো আঙ্কেল, জীবনানন্দ শেষ করলাম, এখন নজরুল পড়ছি।
খুব একটা মন্দ হবে না।
কোথায় পড়া হচ্ছে?
রাস্তায় রাস্তায়, রেল স্টেশনে, টি এস সি তে, বেইলি রোডে, মোতালিব টি স্টলে, গোসিঙ্গা বাজারের পাশে শীতলক্ষ্যার তীরে।
কী করা হয় আজকাল?
আগে একটা ঘটনা বলে নিই। আমার ইঞ্জিনিয়ার বন্ধু লোটন। DOMINO তে ভালো বেতনের চাকুরী পাওয়ার পরও জয়েন করলো না। এ নিয়ে বাবার সাথে তার এখনো বিরোধ। যদি জিজ্ঞেস করি, এত ভালো চাকুরী, ভালো বেতন, জয়েন করলা না কেন? চায়ের কাপটা উপরে তুলে দুই ঠোঁট বাঁকিয়ে হাসি দিয়ে বলে, "এই যে চায়ের কাপ হাতে তোমাদের সাথে আড্ডা দিচ্ছি, এটাতো দিতে পারতাম না, তাই"।
বন্ধুর আমার আগ্রহ ওয়েব ডিজাইনিংয়ে। ডিজাইন করে। নিজের ঘরই অফিস। নিজেই বস, নিজেই কর্মচারী। নিজেই চা বানায়, নিজেকেই নিজে সার্ভ করে। কারো ধমক খাওয়ারও প্রশ্ন নেই, কাউকে ধমক দেওয়ারও প্রশ্ন নেই।
চট্টগ্রামের আরেকজনকে চিনি। কিছুকাল মেডিকেলে পড়ার পর বুঝতে পারে ভেতরের সত্ত্বাটা মেডিকেলের জন্য না। মেডিকেল ছেড়ে দিয়ে নিজের মত কাজ করে যাচ্ছে। আগ্রহ টেকনোলজিতে। দেশের জন্য কিছু করার ইচ্ছা। প্রতি ভালোবাসা দিবসেই ফুল হাতে বেড়িয়ে পড়ে। প্রিয় মানুষটির জন্য না, রাস্তায় পড়ে থাকা মানুষগুলোর জন্য।
আমার এক স্টুডেন্ট বুয়েটে চান্স পাওয়ার পরও চারুকলায় এডমিশন নেয়ার পর সবাই একই সুরে বলেছিল- পাগল নাকি!
জ্বি, ৯৯ জন পাগলের দুনিয়ায় সুস্থ ঐ একজনই পাগল।
ও... কী করা হচ্ছে আজকাল??
ঘুরে ঘুরে মানুষ দেখি। আদা চা খাই। আড্ডা দেই। শীতলক্ষ্যার সাথে প্রেম করি। পদ্মার পানিতে পা ভেজাই। রাতের আকাশে তারা গুনি। শেষ হয় না, এরপরও গুনি। স্বপ্ন দেখি, স্বপ্ন দেখাই। বলতে পারেন থলেতে করে স্বপ্ন বিক্রি করি।
আরেকটা কাজ করি। বন্ধুত্ব করি। ওয়ার্ডসওয়ার্থ এর ড্যাফোডিলগুলোর সাথে, গী দ্যা মোপাসার নেকলেস হারিয়ে ফেলা সেই মেয়েটার সাথে, এডগার এ্যালান পো'র এক চোখ ওয়ালা ভয়ঙ্কর সেই কালো বিড়ালটার সাথে, ও হেনরির জিম আর ডেলার সাথে, ভিক্টর হুগোর রুটি চুরি করে ১৯ বছর জেলে থাকা জা ভালজার সাথে, তারাশঙ্করের চোরের ঘরে জন্ম নেয়া কবি নিতাই এর সাথে, বিভূতিভূষণের অপু আর দূর্গার সাথে।
মানুষের সত্ত্বা দুইটি। বাইরের সত্ত্বা আর ভেতরের সত্ত্বা।
বাইরের মানুষটাকে প্রতিষ্ঠিত করার জন্য নিরন্তর দৌড়াচ্ছি, সকাল-সন্ধ্যা এক করে ফেলছি। কিন্তু ভেতরের সত্ত্বা????
যে বৃষ্টির সাথে পাল্লা দিয়ে কান্না করে তার জন্য???? তার জন্য দেয়ার মত সময় নেই।
অতিমাত্রার বাস্তববাদীরা আপনার আকাশ দেখা নিয়ে তিরষ্কার করবে। নিজের বোনের সাথে আপনার বিয়ে দিয়ে হালকা মধুমিশ্রিত গালি দিয়ে বলবে, "হালার কাম নাইতো তাই আকাশ দেখে, কবিতা লেখে"
আকাশটাইবা দেখে কয় জন!
"আমি একটা পাতার ছবি আঁকি, পাতাটা গাছ হয়ে যায়" পাতাটা গাছ হতে একটা মন লাগে। সত্যিকারের মন।
কয়জনই বা শেলীর মত ঢেউ, পাতা আর মেঘ হতে চায়-

Oh, lift me as a wave, a leaf, a cloud!
I fall upon the throne of life! I bleed!

ভেতরের সত্ত্বাটাকেও একটু গুরুত্ব দাও।

**তোমাদের-**
**জোবায়ের ভাইয়া**
ঢাকা বিশ্ববিদ্যালয়

CC XUBAER AHMAD

**যেকোন প্রয়োজনে**
**Zubair Ahmed**